সরসেত্যাদি—হে শুভাশয় শোভন-হৃদয়! অথবা শুভঃ আ সামস্ত্যেন শয়ঃ করো যস্য তাদৃশ! রসনাদীনাং কর-সাধ্যত্বাদয়মর্থো যুক্তঃ। মম সুন্দরে জঘনে মণিরসনাবসনাভরণানি মণিময়ী যা রসনা ক্ষুদ্রঘণ্টিকা বসনং বস্ত্রমাভরণানি চ বাসয় পরিধাপয়। কীদৃশে জঘনে? সরসঘনে সরসে শৃঙ্গার-রসসহিতে স্নিগ্ধে বা ঘনে নিবিড়ে। পুনঃ কীদৃশে? শম্বর-নামানং দৈত্যং দারয়তীতি শম্বরদারণঃ কামঃ স এব বারণঃ মহাবলত্বান্মত্ত-মাতঙ্গঃ তস্য কন্দরে। অপরোঽপি হস্তী গিরি-কন্দরায়াং তিষ্ঠতীতি ভাবঃ। 'কুঞ্জরো বারণঃ করী' ইত্যমরঃ। 'দরী তু কন্দরো বা স্ত্রী', 'বস আচ্ছাদনে' ইত্যস্য ণ্যন্তস্য প্রয়োগঃ ॥ ৭

শ্রীজয়দেব! বচসি জয়দে হৃদয়ং সদয়ং কুরু মণ্ডনে ।
হরি-চরণ-স্মরণামৃত-নির্মিত-কলি-কলুষ-জ্বর-খণ্ডনে ॥ ৮

শ্রীজয়দেবেত্যাদি—শ্রিয়া সৌন্দর্যাদি-বৈভবেন জয়েন সর্বকলা-কৌশলেন বিজয়েন চ দীব্যতীতি শ্রীজয়দেবঃ কৃষ্ণঃ তৎসম্বোধনং। হে নাগর! মম বচসি মণ্ডনে মণ্ডন-নিমিত্তং হৃদয়ং কুরু পরমাবধানেন ভূষাং রচয়েত্যর্থঃ। কিংলক্ষণে মণ্ডনে? জয়দে সপত্নী-সকাশাদুৎকর্ষ-প্রদে। হরেস্তবচরণং স্বাধীনতয়া মণ্ডনরূপাচরণং তস্য স্মরণং মনস্য-বগাহস্তদেবামৃতং তেন কৃতং কলি-কলুষ-জ্বরস্য মানাদিষু কলহ-কালুষ্য-সন্তাপস্য খণ্ডনং নাশনং যেন তাদৃশে পূর্বরোষ-বিস্মারক ইত্যর্থঃ। অথবা শ্রীজয়দেবস্য কবের্বচসি বাক্যে সদয়ং দয়াসহিতং যথা স্যাদেবং হৃদয়ং কুরু। কিংলক্ষণে বচসি? মণ্ডনে সকল-ভক্তজনালঙ্কার-রূপে। জয়দে সর্বোত্তম-ভক্তিপ্রদানেন সর্বোপরি বিরাজমানতয়া বিজয়প্রদে। পুনঃ কীদৃশে? হরিচরণ-স্মরণমেব যদমৃতং পরমানন্দরূপ-মহৌষধং তেন নির্মিতং কলিকলুষ-জ্বরস্য খণ্ডনং নাশনং যেন তাদৃশে। কৃত-কলুষজ্বর-সংজ্বরেতি পাঠে—কৃত আচরিতো যঃ কলুষ-জ্বরঃ পাপরূপ-সন্তাপঃ স এব সংজ্বরঃ তস্য খণ্ডনে ছেদকে, পাপ-সন্তাপ-বিদারণে বচসীত্যর্থঃ ॥ ৮

রচয় কুচয়োঃ পত্রং চিত্রং কুরুষ্ব কপোলয়ো-
র্ঘটয় জঘনে কাঞ্চীমঞ্চ স্রজা কবরীভরম্।
কলয় বলয়শ্রেণীং পাণৌ পদে কুরু নূপুরা-
বিতি নিগদিতঃ প্রীতঃ পীতাম্বরোঽপি তথাকরোৎ ॥ ৮৭

রচয়েত্যাদি—হে প্রিয়! কুচয়োঃ পত্রং মকর-পত্রিকাং রচয়, কপোলয়োশ্চিত্রং চিত্রকাখ্যং রচনা-বিশেষং কুরুষ্ব, অথচ জঘনে কাঞ্চীং ক্ষুদ্র-ঘন্টিকাং ঘটয়ার্পয়। কবরীভরং গ্রথিত-কেশসমূহং স্রজা পুষ্পমালয়া অঞ্চ পূজয়, কেশপাশে মাল্যং প্রাপয়েত্যর্থঃ। অঞ্চেত্যঞ্চ গতি-পূজনয়ো-

রিত্যস্ত লোট্ মধ্যমপুরুষৈকবচনং। বলয়শ্রেণীং কঙ্কণপংক্তিং পাণৌ হস্তে কলয়ার্পয়, পদে চরণে নূপুরৌ কুরু। ইতি অনেন প্রকারেণ রাধয়া নিগদিতঃ উক্তঃ পীতাম্বরঃ তদা পীতবসনঃ শ্রীকৃষ্ণোঽপি তথৈবা-করোৎ। যথা যথা সা কথিতবতী, বহুমানেন তথৈবাকরোদিতি সন্ততা-শ্রয়বল্লভেয়মিত্যুক্তম। তদ্‌যথা—(উ° ৪।৪৮) 'ষড়ঙ্ঘ্রিভিরমর্দিতান্ কুসুম-সঞ্চয়ান্নাচিনোদথণ্ডমপি রাধিকে! বহুশিখণ্ডকং ত্বদ্‌গিরা। অমুঞ্চ নবপল্লবব্রজমুদঞ্চদর্কোজ্জ্বলং, করোতু বশগো জনঃ কিময়মন্যদাজ্ঞাপয়॥' কিঞ্চ, (ভাগ° ৯।৪।৬৩) 'অহং ভক্ত-পরাধীনো হ্যস্বতন্ত্র ইব' ইতি 'তদ্বশে দারুযন্ত্রবদিতি (গীতা° ৪।১১) 'যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্' ইতি চ, (ভাগ° ১০।১৯।১৬) 'ক্ষণং যুগশতমিব যাসাং যেন বিনাভবৎ' ইতি নিঃসীমানুরাগ-ভরেণ বশীকৃতঃ। উক্তঞ্চ শ্রীমুখেনৈব (ভাগ° ১০।৩২।২২) 'ন পারয়েঽহম্' ইতি। ভগবান্ পুরুষোত্তমঃ সচ্চিদানন্দৈকরসাপারৈশ্বর্য্য-মহিম-গুণাপ্রচ্যুতস্বরূপঃ তদ্রূপৈর্ভাবৈস্তাদৃশৈরেব প্রিয়জনৈর্নিত্যানন্দরূপচরিতঃ নিত্যমেব রমমাণ এবাস্তে। আত্মারাম-যোগিভির্ভজনীয়-গুণত্বাৎ। যথা (ভাগ° ১।৭।১০) 'আত্মারামাশ্চ মুনয়ঃ' ইতি। উক্তঞ্চ (ভাগ° ৩।২৫।৩৮) 'ন কর্হিচিন্মৎপরাঃ শান্তরূপে নঙ্ক্ষ্যন্তি নোঽনিমিষো লেঢ়ি হেতিঃ। যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টঃ' ইতি। ব্যাকৃতং স্বামিচরণৈঃ—ননু অন্যবৎ মদীয়ানাং ভোক্তৃ-ভোগ্যানাং বিনাশঃ স্যাত্তত্রাহ—হে শান্তরূপে শান্তং শুদ্ধং তদ্রূপে মল্লোকে বা মৎপরাঃ কদাচিদপি ন নঙ্ক্ষ্যন্তি ভোগ্যহীনা ন ভবন্তি, অনিমিষো মে হেতিঃ কালচক্রং চ নো লেঢ়ি তান্ন গ্রসতি। তত্র হেতুঃ—যেষামিতি। সুত ইব স্নেহ-বিষয়ঃ, সখেব বিশ্বাসাস্পদং, গুরু-রিবোপদেষ্টা, সুহৃদিব হিতকারী, ইষ্টং দৈবমিব পূজ্যঃ। এবং সর্বভাবেন মাং যে ভজন্তি, তান্মদীয়ং কালচক্রং ন গ্রসতীত্যর্থঃ। অথবা প্রিয়ঃ পতিঃ আত্মা স্বরূপঃ, সুতঃ পুত্রঃ, সখা মিত্রং, গুরুঃ পিতা, সুহৃৎ সম্বন্ধী,

দৈবমিষ্টং সেব্যম্। এবং সতি দাসপুত্রবন্ধুমিত্রপিতৃপত্ন্যশ্চ ভক্তা নিরূপিতাঃ। যে ত্বত্র প্রাকৃতত্বং নিরূপয়ন্তি, তে মন্দমতয়ো জ্ঞেয়াঃ। উক্তঞ্চ ভগবতা (গীতা° ৭।২৪) 'অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ। পরং ভাবমজানন্তো মামব্যয়মনুত্তমম্।' ইতি ॥ ৮৭

যদ্গান্ধর্ব-কলাসু কৌশলমনুধ্যানঞ্চ যদ্বৈষ্ণবং
যচ্ছৃঙ্গার-বিবেক-তত্ত্বমপি যৎ কাব্যেষু লীলায়িতম্।
তৎ সর্বং জয়দেব-পণ্ডিত-কবেঃ কৃষ্ণৈকতানাত্মনঃ
সানন্দাঃ পরিশোধয়ন্তু সুধিয়ঃ শ্রীগীতগোবিন্দতঃ ॥ ৮৮

যদ্গান্ধর্বেত্যাদি—হে সুধিয়ঃ! পণ্ডিতাঃ! সানন্দাঃ সমাধান-স্ফুরণেন গত-শঙ্কয়ানন্দসহিতাঃ, ভগবদ্গুণানামানন্দরূপত্বাৎ চ সানন্দাঃ সন্তঃ। জয়দেব-পণ্ডিত-কবেঃ যদ্যপি পণ্ডিতঃ কবিরিত্যেকার্থ-পর্য্যবসায়িত্বং, তথাপ্যত্র বিচারক্ষম-যুক্তিবক্তা পণ্ডিতঃ; সরস-যুক্তিমাত্রবক্তা কবিরিতি ভেদঃ। যজ্ঞঃ ক্রতুরিত্যাদাবিব সযূপাঃ ক্রতবঃ, অযূপা যজ্ঞা ইতি। শ্রীগীতগোবিন্দতঃ তৎ সর্বং পরিশোধয়ন্তু সর্বতোভাবেন জানন্তু। তৎ কিমিত্যাহ—যদ্গান্ধর্ব-কলাসু কৌশলং গানবিদ্যাসু যন্নৈপুণ্যং তৎ সর্বং জয়দেব-পণ্ডিত-কবেঃ নৈপুণ্যং; গন্ধর্বঃ মার্গদেশবিৎ, মার্গস্য স্বর-পদাত্মকত্বাৎ, কলাঃ অঙ্গবিন্যাস-বৈলক্ষণ্যাদিকাঃ তত্র নৈপুণ্যমিতি পূর্বোক্তমেবার্থঃ। অথচ বৈষ্ণবং বিষ্ণুসম্বন্ধি যদনুধ্যানমনুক্ষণং চিন্তনং, যচ্চ শৃঙ্গার-রসস্য যো বিবেকঃ সংযোগ-বিপ্রলম্ভাদিরূপেণ বিবেচনং, তস্য তত্ত্বং যথার্থজ্ঞানং,যদপি কাব্যেষু কবিকর্মসু কবিত্ব-নির্মাণরূপেষু লীলায়িতং বিলসিতমিতি তৎ সর্ব্বমিত্যর্থঃ। কীদৃশস্য জয়দেবস্য ? কৃষ্ণৈক-তানাত্মনঃ কৃষ্ণৈকতানস্তৎপর আত্মা মনো যস্য তাদৃশস্য। 'একতানোঽনন্য-বৃত্তিরেকাগ্রৈকায়নাবপি' ইত্যমরঃ ॥ ৮৮

কবিগ্রন্থ-সমাপ্তৌ শ্রোতৃণামাশিষং প্রযুঙ্‌ক্তে—পর্যঙ্কীতি।

পর্য্যঙ্কীকৃত-নাগ-নায়ক-ফণা-শ্রেণী-মণীনাং গণে
সংক্রান্ত-প্রতিবিম্ব-সম্বলনয়া বিভ্রদ্‌বিভু-প্রক্রিয়াম্।
পাদাম্ভোরুহ-ধারি-বারিধি-সুতামক্ষাং দিদৃক্ষুঃ শতৈঃ
কায়ব্যূহমিবাচরন্নুপচিতীভূতো হরিঃ পাতু বঃ ॥ ৮৯

হরিঃ স্মৃতিমাত্র এব বৃজিনপুঞ্জ-ভঞ্জনঃ। বো যুষ্মান্ পাতু রক্ষতু। ভক্ত-প্রণয়িতা-খ্যাপনেন রক্ষণ-ব্যসনতামাহ—কিংলক্ষণঃ? কায়ব্যূহং শরীর-সমূহমাচরন্নিব কুর্বন্নিব উপচিতীভূতঃ বৃদ্ধিং প্রাপ্তঃ। তত্র হেতুঃ—পাদাম্ভোরুহং চরণ-সরোজং ধারয়িতুং শীলং যস্যাস্তাদৃশীং বারিধিসুতাং লক্ষ্মীম্ অক্ষাং শতৈর্নেত্রাণাং সহস্রৈর্দিদৃক্ষুঃ দ্রষ্টুমিচ্ছুঃ। কথং তথা ভবেদত আহ—পর্য্যঙ্কীকৃতঃ শয্যীকৃতো যো নাগ-নায়কঃ শেষস্তস্য ফণা-শ্রেণীনাং পংক্তীনাং যে মণয়স্তেষাং গণে সমূহে সংক্রান্ত-প্রতিবিম্ব-সম্বলনয়া সংবদ্ধ-প্রতিকৃতি-প্রসরেণ বিভু-প্রক্রিয়াং বিস্তার-প্রকারং বিভ্রৎ দধৎ। প্রতিবিম্বার্পক-মণীনামনন্ততয়া দেহানামনন্তত্বং, দেহানামনন্ততয়া তাদৃশনেত্রলাভোঽভূদিত্যর্থঃ ॥ ৮৯

অন্যচ্চ—ত্বামিত্যাদি।

ত্বামপ্রাপ্য ময়ি স্বয়ম্বরপরাং ক্ষীরোদ-তীরোদরে
শঙ্কে সুন্দরি! কালকূটমপিবন্মূঢ়ো মৃড়ানীপতিঃ।
ইত্থং পূর্বকথাভিরন্যমনসো বিক্ষিপ্য বক্ষোঽঞ্চলং
পদ্মায়াঃ স্তনকোরকোপরি মিলন্নেত্রো হরিঃ পাতু বঃ ॥ ৯০

হরিঃ শ্রীকৃষ্ণঃ বঃ পাতু। কিংলক্ষণঃ? হে সুন্দরি! মৃঢ়ো মৃড়ানীপতিঃ রুদ্রঃ ক্ষীরোদতীরোদরে ক্ষীরসমুদ্র-তটমধ্যে ময়ি স্বয়ম্বর-পরাং মদেক-পতিকাং ত্বামপ্রাপ্যালব্ধ্বা কালকূটং হালাহলমপিবৎ পীতবানিত্যহং শঙ্কে তর্কয়ামি। ইত্থমনেন প্রকারেণ পূর্বকথাভিঃ পূর্বকথনৈরন্যমনসোঽন্যমনস্কায়া রাধায়া বক্ষোঞ্চলং স্তনাবরকং বিক্ষিপ্যাপসার্য্য স্তনৌ কোরকাবিব তদুপরি মিলন্নেত্রঃ নূতনোদ্ভবত্বে কোরকোপমা সৌন্দর্যাদিনা চ। অনেন পার্বত্যাঃ সকাশাদপি সৌন্দর্যাধিক্যং ধ্বনিতম্॥ ৯০

*** সাধ্বী মাধ্বীকচিন্তা ন ভবতি ভবতঃ শর্করে কর্করাসি**
দ্রাক্ষে দ্রক্ষ্যন্তি কে ত্বামমৃত মৃতমসি ক্ষীর নীরং রসস্তে।
মাকন্দ ক্রন্দ কান্তাধর ধরণিতলং গচ্ছ যচ্ছন্তি যাবদ্
ভাবং শৃঙ্গার-সারস্বতমিহ জয়দেবস্য বিষ্বগ্ বচাংসি॥ ৯১

বালবোধিনী—অথ (ভা ১০।৩৩।৩৯) 'হৃদ্‌রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ' ইতি শুকোক্তপ্রায়ত্বাৎ এতচ্ছ্রবণ-কীর্তন-স্মরণানুমোদন-প্রভাবমাহ—সাধ্বীতি। হে মাধ্বীক! ইহ লোকে যাবৎ জয়দেবস্য বচাংসি বিষ্বক্ সর্বতঃ শৃঙ্গার-সারস্বতং ভাবং দদতি, তাবদ্ভবতঃ চিন্তা সাধ্বী ন ভবতি, মধুরত্বেঽপি মাদকত্বাদিত্যর্থঃ। হে শর্করে! ত্বং কর্করাসি, মাদকত্বা-ভাবেঽপি কঠিনত্বাদিত্যর্থঃ। হে দ্রাক্ষে! কে ত্বাং দ্রক্ষ্যন্তি, কোমলত্বেঽপি নিন্দ্যদেশোদ্ভবত্বাদিত্যর্থঃ। হে অমৃত! ত্বং মৃতমসি, মরণান্তর-প্রাপ্যত্বাদিত্যর্থঃ। হে ক্ষীর! তে রসো নীরং, নীরবৎ আবর্ত্তনাদ্য-পেক্ষত্বাৎ! হে মাকন্দ আম্র! ত্বং ক্রন্দ, ত্বগষ্ঠ্যাদি-হেয়াংশ-সাহিত্যাৎ। হে কান্তাধর! ত্বং পাতালমসুরালয়ং যাহি, অধোদাতৃ-নামত্বাৎ তবাত্র

---

* ইতঃপরমন্তিম-শ্লোকযুগ্মস্য টীকা ত্রুটিতাস্তে, অতঃ তৎপূরণার্থং 'বালবোধিনী'-টীকাতঃ সমাহ্রিয়তে চাত্রেতি বিজ্ঞাপনীয়ম্।

* শ্রীভোজদেব-প্রভবস্য বামাদেবীসুত-শ্রীজয়দেবকস্য ।
পরাশরাদি-প্রিয়বন্ধুকণ্ঠে শ্রীগীতগোবিন্দ-কবিত্বমস্তু ॥৯২

ইতি শ্রীজয়দেব-কৃতৌ শ্রীগীতগোবিন্দে-মহাকাব্যে
সুপ্রীত-পীতাম্বরো নাম দ্বাদশঃ সর্গঃ ॥ ১২

সমাপ্তমিদং কাব্যম্

স্থিতিরপি ন যুক্তেত্যর্থঃ। শ্রীজয়দেব-বর্ণিত-মধুরাখ্য-ভক্তিরসাস্বাদ-নির্বৃত-জনাস্তে ঘৃণামেব করিষ্যন্তীতি ভাবঃ ॥ ৯১

বালবোধিনী—অথ স্বপিতৃমাতৃ-স্মরণ-পূর্বকং পরাশরাদি-মত-জ্ঞাতার এবাধিকারিণ ইতি তান্ প্রতি আশিষয়তি—শ্রীভোজেতি। ভোজদেব-নামা অস্য পিতা, বামাদেবী নাম্নী জননী, তস্যাঃ সুতস্য শ্রীজয়দেবকস্য পরাশরাদীনাং যে প্রিয়াস্তন্মত-জ্ঞাতারস্তেষ্বপি যে বান্ধবাস্তন্মতানুসারেণ শ্রীরাধামাধব-রহঃকেলি-জ্ঞানেন বন্ধুত্বং প্রাপ্তাস্তেষামেব কণ্ঠে ভূষণবৎ সদা শ্রীগীতগোবিন্দাখ্যং কবিত্বমস্তু। অনেনাস্য প্রবন্ধস্য সর্ববেদেতিহাস-পুরাণাদি-বক্তৄণাং সম্মত্যা সর্বসারত্বং দুরূহত্বঞ্চ বোধিতম্। অত্রায়ং **ক্রমঃ**—আদৌ শ্রীকৃষ্ণস্য শ্রেষ্ঠতা-প্রতিপাদনং (গী ১,) 'প্রলয় পয়োধিজলে' ইত্যাদি 'বসন্তে বাসন্তী' ইত্যন্তেন। ততঃ শ্রীরাধায়াঃ সমধিক-লালসা-বর্ণনং (গো° ৪।১) 'কংসারিরপি' ইত্যন্তেন। তত্রৈব সাধারণ-লীলা, তস্যা উৎকণ্ঠা-বর্ণনঞ্চ ততঃ শ্রীকৃষ্ণস্যাপি উৎকণ্ঠা 'যমুনাতীরে' ইত্যন্তেন। ততঃ শ্রীকৃষ্ণে রাধিকোৎকণ্ঠা অহমিত্যন্তেন। ততঃ তস্যাং শ্রীকৃষ্ণোৎকণ্ঠিতা-বর্ণনং 'পূর্বং যত্র' ইত্যন্তেন,ততোঽভিসারিকা-বস্থা-বর্ণনম্ (গো° ৪১) অথ তাম্ ইত্যন্তেন। ততো বাসকসজ্জা (গো° ৪৫) 'অত্রান্তরে' ইত্যন্তেন। ততঃ চন্দ্রোদয়াৎ পুনরুৎকণ্ঠিতা (গো° ৪৮) 'অথাগতাম্' ইত্যন্তেন। ততো বিপ্রলব্ধা (গো° ৫৫)

'অথ কথমপি' ইত্যন্তেন। ততঃ খণ্ডিতা (গো° ৫৮) 'তামথ' ইত্যন্তেন। ততঃ কলহান্তরিতা (গো° ৬১) 'অত্রান্তরে মসৃণরোষ' ইত্যন্তেন। ততো মানিনী-বর্ণনং (গো° ৬৯) 'সুচিরম্' ইত্যন্তেন। ততো মেঘাবৃতে চন্দ্রে সখী-প্রার্থনা (গো° ৭৫) 'সা সসাধ্বস' ইত্যন্তেন। ততোঽন্যোন্যাবলোকনং (গো° ৭৯) 'গতবতি' ইত্যন্তেন। ততঃ শ্রীকৃষ্ণ-প্রার্থনা (গো° ৮০) 'প্রত্যূহঃ' ইত্যন্তেন। ততঃ রহকেলয়ঃ (গো° ৮৬) 'ইতি মনসা' ইত্যন্তেন। ততঃ স্বাধীনভর্তৃকা (গো° ৮৯) 'পর্যঙ্কীকৃত' ইত্যন্তেন। অতঃ সর্গোঽয়ং সমৃদ্ধিমদাখ্য-সম্ভোগ-রসানন্দিতঃ পীতাম্বরঃ যত্র সঃ প্রিয়াধীনত্বেন তদ্বর্ণবসনপ্রিয়ঃ শ্রীকৃষ্ণো যত্র সঃ ॥ ৯২

* * * *

শ্রীশ্রীগীতগোবিন্দের

অনুবাদ *

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ

প্রথম সর্গ

শ্রীগুরু-পদারবিন্দে করিয়ে প্রণাম। যাহার প্রসাদে পাই সর্বানন্দ ধাম ॥
যার কৃপালেশে পাই বৈষ্ণব-চরণ। তাহার মহিমা কিছু না যায় বর্ণন ॥
কৃপাঞ্জনে নেত্রের অন্ধতা ঘুচাইয়া। ভব-ভয় খণ্ডাইলা করুণা করিয়া ॥
চৈতন্য-চরণ পাই যারে সঙরিলে। রাধাকৃষ্ণ-নিত্যলীলা অনায়াসে মিলে ॥
তবে বন্দো রসিক বৈষ্ণব সুসাদরে। যাহার কৃপায় সর্ব সাধনাঙ্গ স্ফুরে ॥
'শ্রীচৈতন্যদাস' নামে কবি মহামতি। চৈতন্য-পদারবিন্দ-মধূন্মত্ত অতি।

আপুনি বুঝিতে গীতগোবিন্দের অর্থ।
'বালবোধিনী' টীকা করিলা সমর্থ ॥

ভাবার্থ বুঝিতে সাবহিত হৈল মন। ভয়ে বাহুল্যার্থ না করিল বিবরণ ॥
টীকান্তরে বাহুল্যার্থ পণ্ডিতের গণ। বুঝিতে করিল ইহা সংক্ষেপ-লিখন ॥

অতঃপর রাধিকা মাধব দুইজনে।
বিপিনে কৌতুকে কেলি করয়ে নির্জনে ॥

তন্ময় গ্রন্থ **জয়দেব** কবিবর। আরম্ভ করিলা অতি সানন্দ অন্তর ॥

তাতে দোঁহার সর্বোত্তমতা বিচারিয়া।
কুঞ্জের বাহিরে স্থিতি তাহাত দেখিয়া ॥
কুঞ্জ প্রবেশ হেতু রাধিকার সখী।
কহিতে লাগিলা হঞা অতিশয় কৌতুকী ॥

* বরাহনগর গৌরাঙ্গগ্রন্থমন্দির পুঁথি···অনু—৯।

সেই কথা কবিবর করিয়া স্মরণ। গ্রন্থের আরম্ভ কৈল মঙ্গলাচরণ॥

প্রথম শ্লোকের এই কহিল আভাষ।
এবে শুন সেই শ্লোকের মূলার্থ প্রকাশ॥

শ্রীরাধামাধব দোঁহার সুবিজন কেলি। জয়যুক্ত হউ সদা সর্বসুখাবলী॥
নারায়ণ আদি পরব্যোম-নাথগণ। সে সব স্বরূপ-শ্রেষ্ঠ ব্রজেন্দ্রনন্দন।

যতেক প্রেয়সীগণ লক্ষ্মী আদি করি।
সবা হৈতে শ্রেষ্ঠা রাধা কৃষ্ণ-সুখেশ্বরী॥
ব্রজেন্দ্রনন্দনের তিঁহো হ্লাদিনী শকতি।
অশেষপ্রকারে করে কৃষ্ণে ভাব-ভক্তি॥

রাধিকা-মাধব সেই হয়েত কেমন। কুঞ্জে উপলক্ষিত যতেক বৃক্ষগণ॥

তাহা লক্ষ্য করি সখীর আনন্দ-নিদেশে।
কুঞ্জকেলি-গৃহে অতিকৌতুকে প্রবেশে॥

কেমন আনন্দযুক্ত সখীর চরণ। তাহা বিবরিয়া কিছু কহিয়ে এখন॥

শুন রাধে! পূর্বরাত্রে তোমারে ছাড়িয়া।
বিহরিলে সুখে অন্য অঙ্গনা লইয়া॥
সেই অপরাধে কৃষ্ণ সভয় অন্তর।
তোমাসহ বিহরিতে বাঞ্ছা নিরন্তর॥
তুয়া অনুকূলতা বিনে কেলি-সদনে।
প্রবেশ করিতে নারে আনন্দিত মনে।
মেঘে আচ্ছাদিত হৈল সকল অম্বরে।
তাতে দশদিক্ ব্যাপে ঘন অন্ধকারে॥

মেঘ-শব্দে মেঘতুল্য অন্ধকার হয়। বর্ষা ঋতু-বর্ণন এ কদাচিত নয়॥
বসন্ত ঋতুর আগে বর্ণন করিল। অতএব অন্ধকার-বিশেষ কহিল॥
মেঘাচ্ছন্ন হইলে যেমন অন্ধকার। তেমতি সর্বত্র অতি তমের সঞ্চার॥
তাতে শ্যামবর্ণ তমালের বৃক্ষগণ। নিবিড়ান্ধকার তাতে করিল সূচন॥

অতএব শঙ্কা কিছু না করিহ মনে। কৃষ্ণ লঞা প্রবেশহ সুকেলি-সদনে ॥১
প্রথমে কহিলা রাধামাধবের কেলি। কবির অন্তরে স্ফূর্ত্তি হইল সে সকলি ॥
তাতে অতি পরিপ্লুত হইল অন্তর। করুণা করিয়া ভক্তগণের উপর ॥
পরবশে কেলি-ব্যক্তীকরণ-কারণ। আপন-সামর্থ্য জানাইতে হৈল মন ॥
তাহাতে দ্বিতীয় শ্লোক করিলা রচনা।
এবে শুন সেই শ্লোকের অর্থের যোজনা ॥
জয়দেব নামে কবি করয়ে প্রবন্ধ।
প্রবন্ধের সংজ্ঞা হৈল **শ্রীগীতগোবিন্দ** ॥
সর্বোৎকর্ষ ভগবান্ নিজশক্তিদ্বারে। প্রকাশ করিলা জয়দেব কবিবরে ॥
অতএব তদ্‌গুণবর্ণন-কৃতী হয়। শ্রোতা সকলের মন ইহাতে বান্ধয় ॥
সে শক্তি কেমনে হৈল শুন সে কারণ।
যাতে রাধাকৃষ্ণ-কেলি সহিত ঘটন ॥
কবির সামর্থ্য কৈছে হৈল বর্ণিবারে। তাহার বিশেষ কহি শুনহ সাদরে ॥
বক্তা-বক্ত্রে উপস্থিত কেলিময়ী বাণী।
তার বক্ত্র-প্রবর্তক শ্রীকৃষ্ণ আপুনি ॥
তাঁহার চরিত্র অতিশয় নিরন্তর। চিত্রিত হইল যার চিত্তরূপ ঘর ॥
নৃত্যাদি করিয়া আর রাধিকা চরণ। সেই কবি সদাই করিল আরাধন ॥২
বর্ণন-যোগ্যতা কবি কহি আপনার। হৃদয়ে আনন্দ পুন বাঢ়ায় শ্রোতার ॥
অয়ে ভক্তজন! যদি কৃষ্ণের চিন্তনে। রসের সহিত মন হয় বর্তমানে ॥
রাসকুঞ্জাদিক লীলাকলা সুকৌশলে। যদি চারু চেষ্টা হয় মহাকুতূহলে ॥
শৃঙ্গার রসেতে যুক্ত পরম মধুর। শীঘ্রবোধ্য হয় তাতে কোমল প্রচুর ॥
সুখে গান হয় কান্ত পদশ্রেণী যাতে। হেন জয়দেব-বাণী শুন সাবহিতে ॥৩
রাধাকৃষ্ণ-কেলি-রসে আবিষ্ট হইয়া। প্রাকৃত বর্ণন সব অন্যত্র দেখিয়া ॥
অতি আবিষ্কার করে প্রৌঢ়ি আপনার।
সেইত শ্লোকের অর্থ করিয়ে প্রচার ॥

উমাপতি ধর নামে কবি মহামতি।
বাক্যসকলের বিস্তারিত করে অতি ॥
বাক্য গুণযুক্ত নাহি করয়ে ব্যাখ্যান।
শরণ-নামেতে আর পণ্ডিত-প্রধান ॥
দুর্বোধ কাব্যের শীঘ্র রচনা করয়।
তাতে শ্লাঘ্য, প্রসাদাদি গুণযুক্তে নয় ॥
সামান্য নায়ক আর নায়িকার গুণ। তার শ্রেষ্ঠ শৃঙ্গার রস যে বর্ণন ॥
আচার্য্য গোবর্দ্ধন কবি-শিরোমণি।
তারে পরাভব করে হেন নাহি শুনি ॥
সমর্থ হয়েন শৃঙ্গার রসের বর্ণনে। রসান্তর-বর্ণনের শুদ্ধি নাহি জানে ॥
ধোয়ী নামে কবিরাজ হয়ে শ্রুতিধরে।
শ্রবণমাত্রেতে গ্রন্থ আমূলক স্ফুরে ॥
পণ্ডিতের রাজা আর শ্রুতিধর হয়। কিন্তু স্বয়ং কবিতাতে কবিরাজ নয়।
বাক্যের সন্দর্ভ, গুণালঙ্কার গ্রন্থন। তাহার বিশেষ শুদ্ধি এ সব শোধন ॥
জয়দেব কবিমাত্র জানয়ে সকল। ভগবানের গুণ যাতে বর্ণয়ে কেবল ॥
অথবা দৈন্যোক্তি করে সচকিত মনে।
বাকের সন্দর্ভ কিবা জয়দেব জানে ?
উমাপতি ধর নামে পণ্ডিত-শেখর। বাক্যের নবীন ব্যাখ্যা কহে নিরন্তর ॥
দ্রুত কবিতাতে শ্লাঘ্য পণ্ডিত শরণ।
গোবর্দ্ধন আচার্য্য-তুল্য নাহি কদাচন ॥
ধোয়ীনামে কবি হয় পণ্ডিত-ভূপতি। শ্রবণমাত্রেতে সব জানে শীঘ্রগতি ॥
তাহার সাক্ষাতে জয়দেব কেবা হয় ?
অতয় দৈন্যোক্তি হৈলে—এই অর্থ কয় ॥
যদ্যপি কবির এই সদৈন্য-ব্যাখ্যান। পূর্ব-অর্থ সরস্বতী করয়ে প্রমাণ ॥ ৪
কেলিসকলের সর্ব উৎকৃষ্টতা কহি। সর্ব-অংশী ভগবান্ হয়ে রসাশ্রয়ী ॥

তার অঙ্গভূত যে মৎস্যাদি অবতারে। বীভৎসাদিরসের আশ্রয় কহি তারে॥
তাহার চরিত্র কিছু করিয়া বর্ণন। উজ্জ্বল-রসাধিষ্ঠাতা অংশী কৃষ্ণ হন॥
অখিল-নায়কশ্রেষ্ঠ উৎকৃষ্টতা তার। আবির্ভাব করি কবি কহে আরবার॥

প্রাকৃতাপ্রাকৃত, যতেক জগত, তুমি সে সভার ধাতা।
কেশিরে বধিলে, ক্লেশহর হেলে, জয়যুক্ত হও সদা॥ ধ্রু॥
মীনরূপ হৈলে, পয়োনিধি-জলে, প্রলয়ে ধরিলে বেদ।
নৌকার চরিত, করিলে বিদিত, তাহাতে নহিল খেদ॥ ১

মৎস্যরূপে কেবল করিলে বেদোদ্ধার। সেহো নহে পৃথিবী-ধারণ হেতু তার॥
প্রথমে করিল যবে ধ্রুবপদের অর্থ। দশ অবতারে তৈছে জানিবে সর্বত্র॥

কূর্ম্মরূপ হৈলে, ধরণী ধরিলে, পৃষ্ঠ অতি পরিসরে।
ধরণী ধরিবে, শুষ্ক ব্রণগণে অতি সুকঠিন পরে॥ ২
ধরিলে **শূকর**- আকৃতি তোমার, দশন-অগ্রেতে ক্ষিতি।
চক্রেতে যেমন, কলঙ্ক লগন, তেমতি শোভয়ে অতি॥ ৩
নরহরি-দেহে, করে নখ হয়ে, অদ্ভুত তাহার শৃঙ্গ।
দলন করিলে, অতি অবহেলে, হিরণ্যকশিপু-ভৃঙ্গ॥
অন্যত্র ভ্রমর, কমল উপর, বসি তার অগ্রদলে।
করকমলাগ্রে, হিরণ্যকশিপু- তনুভৃঙ্গ দলে বলে॥ ৪
অদ্ভুত **বামন**- পদ আক্রমণ, করিয়া ছলিলে বলি।
পদনখজলে, সভা উদ্ধারিলে, বামন রূপ যে ধরি॥ ৫
রূপ **ভৃগুপতি**, ধরি ক্ষত্র-বধে, রুধিরে করিলে নদী।
জগতের পাপ, ঘুচয়ে সন্তাপ, তাহে স্নান করে যদি॥ ৬
রামরূপ ধর, দশমুখ-শির, দশ দিগে বলি দিলে।
দিক্‌পতিগণের বাঞ্ছিত সুন্দর, দিয়া তারে তুষ্ট কৈলে॥
রূপ **বলরাম**, ধরি অনুপাম, জলদ-বসন দেহে।
হলের হনন, ভয়ে যমুনার, আভা সে মিলিত তাহে॥

হে **বুদ্ধ**-শরীর, দয়ালু অন্তর, আপুনি প্রকাশি বেদে।
অদভুত ইহ, আপনি নিন্দহ, দেখি পশুঘাত খেদে ॥ ৯
ধরি **কল্কি**-রূপ, খড়্গ ভয়ানক, উৎপাতক-গ্রহ প্রায়।
সব ম্লেচ্ছগণ- বধের কারণ, ধারণ করিলে তায় ॥ ১০
ধারণ করিলে, দশবিধ রূপ, জয় জগদীশ হরি।
শ্রীজয়দেবের কথিত উদার শুনহ আনন্দ করি ॥
তুয়া অবতার আবির্ভাবসার রহস্য করিল যাতে।
জগতে মঙ্গল, দেই নিরন্তর, সর্বসুখপ্রদ তাতে ॥ ১১

অবতার সকলের লীলা হয় নিত্য।
তার অবতারী কৃষ্ণের নিত্যলীলাযুক্ত ॥

দশ অবতার যেই করিল বর্ণন। এক শ্লোকে তাহা পুন করি বিবরণ ॥
মীনরূপে করিলে বেদের উদ্ধারণ। কূর্মরূপে ক্ষিতি পৃষ্ঠে করিলে ধারণ ॥
বরাহরূপেতে ক্ষিতি দশনাগ্রে ধরি। হিরণ্যকশিপু বিদারিলে নরহরি ॥
বামনরূপেতে বলি করিলে ছলন। ভৃগুপতিরূপে দুষ্ট ক্ষত্রিয়-দলন ॥
রামরূপে অনায়াসে জিনিলে রাবণ। বলভদ্ররূপে হল করিলে ধারণ ॥
বুদ্ধরূপ ধরিয়া করুণা বিস্তারিলে। কল্কিরূপ ধরি ম্লেচ্ছ মূর্ছিত করিলে ॥
এসবের অবতারী সর্বরসাশ্রয়। তোমারে প্রণাম করি কৃষ্ণ রসময় ॥ ৫

ছিয়ানব্বই-বিধ হয় নায়কের ভেদ।
ধীরোদাত্ত আদি তাতে প্রধান বিভেদ ॥

ধীরোদাত্ত হয় আর ধীরললিত। ধীরপ্রশান্ত আর হয় ধীরোদ্ধত ॥
নায়কের শিরোমণি ব্রজেন্দ্রনন্দন। তাঁর সর্বোৎকর্ষ করিতে প্রতিপন্ন ॥
ধীরোদাত্তাদিগুণ করিতে প্রকটন। তাহার বিশেষ করি করিলা লক্ষণ ॥
পরব্যোমনাথ যেই নারায়ণ-রূপ। ধীরললিত হয় কৃষ্ণের স্বরূপ ॥

কমলার কুচযুগ, আশ্রয় করিলে হে, বনমালা করিলে ধারণ।
জয়যুক্ত হও সদা, ক্রীড়াবান্ হরি হে, শ্রুতিযুগে কুণ্ডল ভূষণ ॥১

সূর্য্যমণ্ডলস্থ দুঃখসহন জানিঞা। **ধীরশান্তের** গুণ কহি বিবরিঞা ॥
সূর্য্যের মণ্ডল তুমি, ভূষণ করিলে হে, জয়যুক্ত হও অনুক্ষণ।
মুনি সকলের মন- সরোবর-হংস হে, কৈলে তার সংসার খণ্ডন ॥২
আপন উপাস্যে ধ্যেয় বিশেষ-কারণ। **ধীরোদ্ধত**গুণ দ্বয়ে করিলা বর্ণন ॥
কালিয়গঞ্জন করি, ব্রজবাসিজন হে, অনায়াসে রঞ্জন করিলে।
যতগোপকুল সব, নলিন-সমান হে, সূর্য্যরূপে তারে প্রকাশিলে ॥ ৩
দ্বারকাদিধামে তারে উপাস্য জানিঞা। ধীরোদ্ধতগুণ কিছু কহে বিবরিঞা ॥
মধুমুরনরকাদি, বিনাশ করিলে হে, খগেশ্বর আসন তোমার।
জয়যুক্ত হও যত, সুরকুলকেলি হে, আদি কারণ তুমি তার ॥ ৪
দেবতার সর্বতাপ বিনাশ করিঞা। সকল অভীষ্ট দেহ সহায় হইঞা ॥
সেই কথা কবিবর করিয়া স্মরণ। **ধীরোদাত্ততা** দ্বয়ে করিলা লিখন ॥
নির্ম্মল কমলদল- সুন্দর লোচন হে, জয়যুক্ত হও নিরবধি।
ত্রিভুবনবাসী প্রাণী- গণের বিধান হে, তার ভবমোচন-অবধি ॥ ৫
জনকের সুতা সীতা- ভূষণ করিলে হে, জয় জয় দেব হরে।
দূষণনাম যাহার, রাক্ষসে বধিলে হে, দশকণ্ঠ বধিলে সমরে ॥ ৬

ধীরললিতের গুণ সবা হইতে মুখ্য।
তাহা জানাইতে কবি কহে পুন সূক্ষ্ম ॥

বৃন্দাবনচন্দ্রে এই সর্ব গুণ হয়। ধীরললিত তত্ত্ব তাতে সতত আছয় ॥
নবীন জলদ জিনি, সুন্দর শরীর হে, ধারণ করিলে গিরিবরে।
শ্রীমুখচন্দ্রের তুমি, কেবল চকোর হে, প্রেয়সীর বশ নিরন্তরে ॥ ৭
তোমার চরণে মোরা, সদাই প্রণত হে, ইহা জানি আমাদের প্রতি।
তোমার লীলা যেন, অনুভব হয় হে, তেমতি সামর্থ্য কর নিতি ॥ ৮
জয়দেব কবি আমি, মঙ্গল আচরণ হে, করে সদা আমার আনন্দ।
উজ্জ্বল মধুর রস, কেবল শৃঙ্গার হে, যাহাতে তাহার গান ছন্দ ॥৯
এইরূপে দোঁহাকার প্রাধান্য কহিয়া। গ্রহারম্ভে প্রথম মঙ্গল আচরিয়া ॥

শ্রীকৃষ্ণ কেবল এক রাধিকা-আশ্রয়। তাহা জানাইতে পুন মঙ্গল আচরয়॥
শ্রোতা সকলের প্রতি কহেন বচন। মধুসূদনের বক্ষ অতি মনোরম॥
তোমা সভাকার যেই মনের বাঞ্ছিত। সেই বক্ষ নিরন্তর করুন পূরিত॥
রাধিকার স্তনতটী কুঙ্কুমে ভূষিত। তার আলিঙ্গনে বক্ষ হইল মুদ্রিত॥
অতএব হেন সে বুঝিয়ে অভিপ্রায়। অন্য নায়িকা নাহি প্রবেশে তাহায়॥
অনঙ্গ খেলনে যেই অতি খেদ হয়। তাতে স্বেদজলের প্রবাহ বিরাজয়॥
হেন বুঝি—অনুরাগ রাধিকার প্রতি। অন্তরে বাড়িয়া উছলিত হৈল অতি॥
সমাবেশ না হইল অন্তরে রহিতে। বাহ্যে আবির্ভূত হৈল কুঙ্কুমরূপেতে॥ ৬
অতঃপর কেলি বর্ণনের উপযুক্ত। নায়কের গুণ কিছু করিয়ে সুব্যক্ত॥
নবীন সঙ্গমে যেই সর্বসুমঙ্গলে। তাহাতে মাধবে কোপ করি আবিষ্কারে॥
রাধামাধবের কেলিরহস্য বর্ণন। তাতে উছলিত হৈল কবিবরের মন॥
অন্য নায়িকার সহ কৃষ্ণের বিহার। সমাপন করিতে বাসনা হৈল তাঁর॥
তাতে রাধিকার সর্বোৎকৃষ্টতা কহিতে। অষ্ট নায়িকাবস্থা-বর্ণন করিতে॥

সম্ভোগ-পোষক যে শৃঙ্গার বিপ্রলম্ভ।
বিরোহোৎকণ্ঠিতাবস্থা বর্ণন আরম্ভ॥

বসন্তে বিশ্বাস-ভূমি কোন সহচরী। সরস বচন কহে রাধারে বিবরি॥
আশ্বাস করিয়া কহে গূঢ় অভিপ্রায়। অত্যন্ত উৎকণ্ঠা যাতে জন্ময়ে হিয়ায়॥

মাধবীলতার পুষ্প জিনি সুকুমারে।
অবয়ব সহ যেই ভ্রময়ে কান্তারে॥
দেহেতে হইল অতি কন্দর্পের জ্বর।
তাতে চিন্তাকুল হৈল রাধিকা-অন্তর॥
তাহাতে বাঢ়িল দুঃখ, না যায় কথন।
বারবার করিলেন কৃষ্ণ-অন্বেষণ॥
হেন রাধিকারে কহিলেন সহচরী।
যে কথা কহিল, তাহা কহিয়ে বিবরি॥ ৭

সুন্দর লবঙ্গলতা-　　আলিঙ্গনে পুলকিতা
মলয়-সমীর বহে ধীরে।
মধুকর রস মেলে　　মিশ্রিত কোকিল-কলে
সুকূজিত কুঞ্জ কুটীরে ॥ ১
রাধা সরস বসন্তে খেলে হরি।
বিপিনে যুবতি-মেলে,　　নৃত্য করে কুতূহলে
বিরহি-জনের দুঃখ ভারি ॥ ধ্রু ॥
উদিত আনন্দ-স্বর,　　তাতে বাঞ্ছা প্রবাসীর
বধূজনে জন্মায় বিলাপ।
অলিকুলে ব্যাপ্ত হৈল　　যতেক কুসুমকুল,
নিরাকুল-বকুল-কলাপ ॥ ২
কস্তূরিকা গন্ধাতিশয়,　　তার বশে হর্ষ হয়,
তমাল সকল নবদল।
বিদরে যুবার বুক,　　সরক্ত কন্দর্প-নখ,
তার রুচি কিংশুক-সকল ॥ ৩
বসন্তে মদন রাজা,　　তাহার কনক ছাতা,
নাগেশ্বর কুসুম-বিকাশ।
ফুটিল পাটলী ফুল,　　তাতে মিলে অলিকুল,
কৈল কাম-তূণের বিলাস ॥ ৪
বিলজ্জ জগত দেখি,　　যুবক করুণ-শাখী,
পুষ্প ছলে হাসে নিরন্তরে।
দশ দিগে হৈল দন্ত,　　কেতকী কামের কুন্ত-
মুখ বিরহীরে বধিবারে ॥ ৫
নব মালিকার গন্ধে,　　মাধবী সৌরভবৃন্দে,
মনোহর বসন্ত সঘন।

মুনি সকলের চিত্ত, মোহিত করয়ে নিত্য,
তরুণের বন্ধু অকারণ ॥ ৬
অন্য নায়িকার সঙ্গে কৃষ্ণ বিহরয়ে রঙ্গে
দেখি মান না করহ তুমি।
দুরন্ত বসন্ত-বশে অচেতন স্ত্রী-পুরুষে,
বিহরয়ে দূরে রহু প্রাণী ॥
মাধবীর লতাগণ, চূতে করে আলিঙ্গন,
তাতে শাখী পুলকে মুকুলে।
উচিত নায়িকাগণে, অভিসার বৃন্দাবনে
সুশোভিত যমুনার জলে ॥ ৭
এই জয়দেব-গীত, নিরন্তর বিরাজিত,
কৃষ্ণপদ স্মরণের সার।
সরস বসন্তকাল, বনের বর্ণন আর,
সন্নিধান মদন-বিকার ॥ ৮

প্রথমে করিলা যেই সমীর-বর্ণন। বিশেষরূপেতে তার সন্তাপ কথন ॥
কন্দর্প রাজার সখা হয় সমীরণ। অতএব তাঁর আজ্ঞা করয়ে পালন ॥
বসন্ত সময়ে যত বিরহির মন। গন্ধবাহ নিরন্তর করয়ে দহন ॥
মল্লিকার লতা হৈল অল্প বিকসিত।
তাতে পুষ্পগণে হৈল পরাগ-শোভিত ॥
তাতে প্রকটিত হৈল যে সুগন্ধিচূর্ণ।
কেতকীরে আলিঙ্গিয়া তাহা আসি তূর্ণ ॥
তারে আলিঙ্গিয়া লঞা সেই পটবাস।
কানন সকলে করে সুগন্ধি প্রকাশ ॥ ৮
মলয় পর্বতের যত আছে অহিগণ। তাহার কবল-ক্লেশে সন্তাপিত-মন ॥
দক্ষিণ পবন হিমালয়ে তেকারণে। আজি যায় তাপ করিবারে বিমোচনে ॥

দক্ষিণ হইতে বায়ু চলয়ে উত্তরে। সন্তপ্ত পবন যার লাগে কলেবরে ॥
তাহার শরীর দাহ করে নিরন্তর। সম্ভোগী জনের করে স্নিগ্ধ কলেবর ॥
বিরহিরে বায়ু মাত্র কেবল দুঃসহ। সেহ নহে আর এই সাক্ষাত দেখহ ॥
রসাল বিটপি-শিরে সুস্নিগ্ধ মুকুলে। দেখি হর্ষোদয়ে পিক কুহু কুহু করে ॥৯
বিরহি-জনের ইথে দিবস-ক্ষেপণ। অতিশয় দুঃশক্য, ব্যাকুল সদা মন।
পথিকসকল এই বসন্ত বাসর। অতিশয় দুঃখেতে গোঙায় নিরন্তর ॥
তাহার কারণ কিছু শুন অনুভব। উদয় হইল যেই মধুতে সৌরভ ॥
তাহাতে হইল লুব্ধ যত অলিকুল। অলিতে কম্পিত হৈল আম্রের মুকুল ॥

তাতে ক্রীড়া করে যেই কোকিল সকল।
তার সূক্ষ্ম ধ্বনিতে যতেক কোলাহল ॥
প্রবাসি সকল তাহা শুনিঞা শ্রবণে।
কর্ণজ্বর হইল দুঃখ না যায় সহনে ॥
ধ্যানেতে ক্ষণেক প্রাপ্ত প্রাণ সমর্পিয়া।
সে রস-উল্লাসে দিন গোঙায় ভাবিয়া ॥ ১০
এই সখী পুনর্বার কহে রাধিকারে।
নিকট আনিঞা সাক্ষাৎ দেখায় কৃষ্ণেরে ॥
অনেক রমণী করে ঘন আলিঙ্গন।
তাহাতে হইল যেই ত্বরা মনোরম ॥
তাতে স্ফুর্ত্তি হইল মনোহর যে বিলাসে।
তোমার বিলাস প্রতি বাঢ়িল লালসে ॥ ১১

চন্দনে ভূষিত, নীল-কলেবর মনোহর,
পীতবস্ত্র বনমালা গলে।
বিলাসে চঞ্চল মণি- কুণ্ডল ভূষিত ধনি
গণ্ডযুগ সুস্মিত-হিলোলে ॥ ১
বিলাসিনি ! দেখ হরি বিলসে বিলাসী।

সুন্দর রমণী সনে, কেলিপর বৃন্দাবনে,
গোপীগণে মূঢ়প্রায় বাসি ॥ ধ্রু ॥

বিচার নাহিক তার পীন পয়োধর ভার-
ভরে কেহো আলিঙ্গয়ে হরি।
তুয়া অনুরাগ বান, করয়ে পঞ্চম গান,
তার পাছে গায় সে সুন্দরী ॥ ২

কৃষ্ণমুখ-সরোরুহ, কোন মুগ্ধ বধূসহ
নিকটে অধিক করে ধ্যান।
বিলাসে চঞ্চল আঁখি, তাহার খেলন দেখি,
গোপীর জন্ময়ে হৃদি কাম ॥ ৩

কেন সে সুন্দরী তারে, রহস্যকথন-ছলে,
মিলিত হইলা শ্রুতিমূলে।
তুয়া অভিলাষ মনে, হইল পুলক ঘনে,
তাহাতে চুম্বয়ে কুতূহলে ॥ ৪

তোমার বিলাস মনে, যমুনার তটবনে,
মনোহর কুঞ্জেতে গমন।
কোন গোপাঙ্গনা তারে, কেলিকলা-কুতূহলে,
বস্ত্রে ধরি করে আকর্ষণ ॥ ৫

তুয়া নৃত্যসম হেরি, কোন যুবতিরে হরি,
রাসরসে করে প্রশংসনে।
করে যুগতলতালী, তরল বলয়াবলী,
সহিত বংশের কলস্বনে ॥ ৬
কারে আলিঙ্গন করে, চুম্বন করয়ে কারে,
কাহারেও করয়ে রমণ।

সস্মিত কাহারে দেখে,　　　তুয়া নামে তিঁহো কোপে,
অনুনয়ে তারে প্রসাদন ॥
জয়দেব কবিবর,　　　কথিত অদ্ভুত-সার,
কেশবের রহস্য-বিলাস।
যশ দেই নিরন্তরে,　　　শ্রোতার মঙ্গল করে,
বিপিন-বিহার-পরকাশ ॥ ৮

উদ্দীপন করাইতে পুন সখী কয়।　তোমার বিলাস-বাঞ্ছা মনেতে বাঢ়য় ॥
সে আনন্দে সঙ্গে করয়ে বিহার।　সেই অভিপ্রায় কবি কহে পুনর্বার ॥

হে রাধে! বসন্তে এই তোমা করি মনে।
মুগ্ধ হয়ে বিহার করয়ে সভাসনে ॥
যেবা যেই বাঞ্ছা করি কৃষ্ণের সহিতে।
বিহার করিতে গোপাঙ্গনা হরষিতে ॥
তাহা হৈতে অতিরিক্ত করে রসদানে।
আনন্দ হইল তাতে গোপাঙ্গনা-মনে ॥
নীলপদ্মশ্রেণী হৈতে শ্যামল কোমল।
অঙ্গেতে অনঙ্গোৎসব করে নিরন্তর ॥

সখীর বচন শুনি কহে সুনাগরী।　হেন বুঝি কহ মোরে করিয়া চাতুরী ॥
নায়ক নায়িকা যদি রসযুক্ত হয়।　নবীন সঙ্গমে তবে আনন্দ বাঢ়য় ॥
নায়িকাতে নাহি অনুরাগের উদয়।　নায়কানুরাগে কৈছে সে আনন্দ হয় ॥
তাহা শুনি সখী পুন কহেন বচন।　সুন্দরী সকল তারে করে আলিঙ্গন ॥

স্বস্ব প্রেম অনুরাগে করে আলিঙ্গনে।
গোপী অনুরাগে যুক্ত কৈল কৃষ্ণ মনে ॥

অসঙ্কোচে সর্বাঙ্গ স্বচ্ছন্দ আলিঙ্গনে।　শুনি রাধা সখীপ্রতি কহেন বচনে ॥
এক কৃষ্ণ হয়ে বহু গোপঙ্গনাগণে।　সভাকারে কেমনে করিলা সমাধানে ॥
তাহা শুনি সখী কহে রাধা-বিত্তমান।　হেন বুঝি শৃঙ্গার হইল মূর্ত্তিমান্ ॥

সে যৈছে একৈক সর্বজগতের চিত্ত।
নিজ অনুরাগে সদা করে আনন্দিত ॥
তৈছে কৃষ্ণ এক সর্ব ব্রজাঙ্গনাগণে।
নিজ অনুরাগেতে আনন্দ দেই মনে ॥ ১২

সখীর বচন রাধা করিয়া শ্রবণে। উদয় হইল যেই সংপ্রার্থনা মনে ॥
তাতে নারদীয় যেই রাস-বিলাস। স্ফূর্ত্তি হৈল কৃষ্ণের সহিত পরিহাস ॥
সেই কথা কবিবর করিয়া স্মরণ। শ্রোতাগণ প্রতি কহে আশিষ বচন ॥
রাসে উল্লাস-ভরে যত গোপীগণ। বিভ্রম হৈলা রাধা দেখিয়া তখন ॥

আপনার বিদগ্ধতা করিলা বিস্তার।
প্রেমেতে বিবশ হৈল মন যে তাঁহার ॥
গীত স্তুতি ছল করি কহে অতিশয়।
হে কৃষ্ণ! তোমার মুখ সাধু সুধাময় ॥

ইহা কহি কৃষ্ণ-বক্ষ করি আলিঙ্গন। সেই সুধাময় মুখ করিলা চুম্বন ॥
তাতে হরি রাধিকার বৈদগ্ধ্য দেখিয়া। হরয়ে তাহার মন ঈষৎ হাসিয়া ॥

সেই হরি তোমা সভা করুন রক্ষণ।
শ্রোতাগণ প্রতি এই আশিস-বচন ॥ ১৩

ইতি শ্রীশ্রীগীতগোবিন্দে সামোদ-দামোদর-নামক
প্রথম সর্গ ॥ ১

অতএব রাধা বিলাস সম্যক্ অনুভব। সে আনন্দসহ বর্ত্তমান দামোদর ॥
প্রথম সর্গের এই অর্থ-বিবরণে। বালবোধিনী টীকা ইহাতে প্রমাণে ॥

যেখানে যে অর্থ ইথি থাকে ব্যতিক্রম।
বৈষ্ণব গোসাঞী তাহা করিবে শোধন ॥

দ্বিতীয় সর্গ

অতঃপর কৃষ্ণের বিহার সাধারণে। নিশ্চয় করিয়া রাধার ঈর্ষা হৈল মনে ॥
কৃষ্ণ দরশন আর নহিল সহন। তাহা ছাড়ি অন্য কুঞ্জে করিলা গমন ॥
রাধা-সন্নিধানে কৃষ্ণ করয়ে বিহার। তাতে বিগলিত হল উৎকর্ষ রাধার ॥
দেখিয়া রাধার মনে ক্ষমা না হইল। অতিশয় কোপ করি সে স্থান ছাড়িল ॥

যেখানে কৃষ্ণের সঙ্গে না হইবে দেখা।
সেই কুঞ্জে লুকাঞা রহিলা গিয়া একা ॥
সেখানে হইতে কৃষ্ণে দেখি পুনর্বার।
অত্যন্ত উৎকণ্ঠা চিত্তে বাড়িল তাহার ॥

ভ্রমরী ঝঙ্কার করে কুঞ্জ-অগ্রভাগে। তাহা শুনি কাম-মনোরথ হৃদি জাগে ॥

তাহাতেই শ্রীরাধিকা নিজ সখী প্রতি।
অত্যন্ত রহস্য কহে বিস্তারিয়া অতি ॥

সঞ্চরে অধর-সুধা, তাতে ধ্বনি মৃদু মুদা,
বাজায়ে মোহন বংশী তার।
কটাক্ষ চঞ্চল মৌলি, কপোলে দোলয়ে ভালি,
শ্রুতিযুগে ভূষণ যাহার ॥ ১

সখি হে রাসে হরি করিল বিলাস।
তাহাতে আমার মন, সদা করে সঙরণ,
যে মোরে করিল পরিহাস ॥ ধ্রু ॥

যেন অর্দ্ধচন্দ্র গুচ্ছ, মনোহর শিখিপুচ্ছ-
মণ্ডলে বেষ্টিত যার কেশ।
ইন্দ্রধনুগণ রাগে, শোভিত যেমন মেঘে,
তেমতি শোভিত কেশবেশ ॥ ২

গোপনিতম্বিনী সবে, জন্মাইল মনোলোভে,
চুম্বন করিয়া মুখবিধু।
জিনিঞা বান্ধুলিসার, অধর-পল্লব তার,
তাহাতে শোভিত স্মিতসিধু॥ ৩

দ্বিভুজে পুলক বহু, তাহাতে বেঢ়িয়া রহু,
গোপকুলযুবতি প্রচুর।
কর পদ বক্ষে যার, মণিযুক্ত অলঙ্কার,
কিরণেতে তম করে দুর॥ ৪

ললাটে চন্দন-বিন্দু, যেন জলধরে ইন্দু,
বাঢ়য়ে তাহার সভা জিনে।
সুদৃঢ় কবাটপ্রায়ে, নির্দয় হৃদয় হয়ে,
পীনস্তনতটীর মর্দনে॥ ৫

মণিময় মনোহর, কুণ্ডল যুগলবর,
গণ্ডযুগ ভূষিত তাহাতে।
মুনি নর সুরাসুরে, সৌন্দর্য্যে আকৃষ্ট করে,
সুপীতবসন সুশোভিতে॥ ৬

পুষ্পিত কদম্ব-তলে, মোরে ছাড়ি কেলি করে,
ভয়ে মোরে করে অনুনয়।
তরঙ্গ হইল মনে, কামদৃষ্টে অনুক্ষণে,
তাতে করি আমারে রময়॥ ৭

জয়দেব কবি কহি, বিদিত কহিল এই,
সুমোহন মধুরিপু-রূপ।
কৃষ্ণের চরণ নিতি, স্মরণ করিয়া প্রতি,
পুণ্যবান্ জনের অনুপ॥ ৮

রাধিকার বচন শুনিয়া কহেন সখী। তোমারে অত্যন্ত আমি মূঢ়প্রায় দেখি॥
তোমাকে ছাড়িয়া অন্য যুবতির সনে। বিহার করয়ে তারে স্মর কি কারণে?
তাহা শুনি শ্রীরাধিকা সখীপ্রতি কয়। আমার নাহিক দোষ শুনহ নিশ্চয়॥১
আমা ছাড়ি অন্য লঞা করয়ে বিলাস। তভু কৃষ্ণ মোর মন করে অভিলাষ॥
সভার সহিত করে সমান প্রণয়। হেন দোষ মোর মন দূরে তেয়াগয়॥
তথাপি কৃষ্ণের গুণগণে মোর মন। বারেক না করে কোপ পাইয়া বিভ্রম॥
সন্তোষ করিতে চাহে আমি কি করিব? অবোধ দুরন্ত মনে কতেক বুঝাব॥
আরও নহিল মন, তুমি মাত্র গতি। যেবা যুক্ত হয় তাহা করহ সংপ্রতি॥২

অত্যন্ত উৎকণ্ঠা পুন হইল অন্তরে।
ক্ষণমাত্রে তাতে আর রহিতে না পারে॥
উদ্বেগে চঞ্চল অতি হৈল তাঁর মন।
সেই ত উদ্বেগে করে সখীরে প্রার্থন॥

নিশিতে নিকুঞ্জ-গৃহে,　　নিভৃতে চলিব তাহে,
কৃষ্ণ রহিবেন লুকাইয়া।
তাহা চতুর্দিক পানে,　　চাহিব সভয় মনে,
হাসিবেন আমারে দেখিয়া॥ ১
সখি হে সবিকার কেশিমথন।
মদনের মনোরথ,　　চিন্তাতুর অবিরত,
আমা সহ করাহ রমণ॥ ধ্রু॥
প্রথম সমাগম জানি,　　লজ্জিত হইব আমি,
সবিনয়ে তিঁহো অনুকূল।
ঈষত হাসিয়া আমি,　　কহিব মধুর বাণী,
ঘুচাইবে জঘন-দুকূল॥ ২
পল্লব-শয্যাতে যবে,　　শয়ন করিব তবে,
মোর বক্ষে করিবে শয়নে।

আমি আলিঙ্গন করি, চুম্বন করিব হরি,
করিবে অধর-মধু পানে ॥ ৩
অলসে মুদ্রিত হব, আমার নয়নযুগ,
পুলকে ললিত গণ্ড তার।
রতিশ্রম-স্বেদজলে, মোর সব কলেবরে,
কেলিতে চঞ্চল দেহ তার ॥ ৪
পিক-কলরব জিনি, তখন ভাষিব আমি,
কামশাস্ত্র বিচার সে জিনে।
গলিত কুসুমে জোর, আকুল কুন্তল মোর,
সে নখে লিখিব ঘন স্তনে ॥ ৫
আমার চরণে মণি- ময় নূপুরের ধ্বনি,
তিঁহো করে সুরতিবিস্তার।
কটিতে মেখলা মোর, শব্দ করে নিরন্তর,
সে চুম্বে ধরিয়া কেশভার ॥ ৬
রতিসুখ সুসময়ে, রসালস মোর দেহে,
অল্প মুকুলিত চক্ষু তার।
তবে মোর তনুলতা, পড়িল অলসযুতা,
আবির্ভূত মদন তাহার ॥ ৭
জয়দেব-গীত এই, ভক্তজনে সুখ দেই,
কৃষ্ণের বিহার নিধুবনে।
উৎকণ্ঠিতা হঞা রাধা, কহিলা এসব কথা,
লীলার সহিত বর্ত্তমানে ॥ ৮

অতঃপর কৃষ্ণে দেখি গোপীর মণ্ডলে। তার অভিপ্রায় সব দেখায় সখীরে ॥
আপন সৌভাগ্য আর করি প্রকটন। সখী প্রতি শ্রীরাধিকা কহেন বচন ॥
কাননে গোবিন্দ বেড়ি ব্রজনারীগণ। তাহারে দেখিয়া মোর হয় হৃষ্ট মন ॥

তবেত কহিলা সখী—শুনহ রাধিকে!
অতি মূঢ়মতি আমি দেখিল তোমাকে ॥
তোমা ছাড়ি অন্য সহ করে বিহরণ। তাহারে দেখিয়া তুয়া হৃষ্ট হয় মন ॥
ইহা শুনি সুনয়নী সখীরে কহয়ে। যেহেতু আনন্দ তার—শুন অভিপ্রায়ে ॥
কুটিল ভ্রূভঙ্গী করি বল্লবীর গণ। ঊর্দ্ধদৃষ্টে গোবিন্দে করয়ে নিরীক্ষণ ॥
নিকটে আমারে কৃষ্ণ দেখিবারে পায়।
লজ্জাযুক্ত হঞা দেখ সেদিকে না চায় ॥
মোরে দেখি বিস্মিত হইয়া মন্দ মন্দ। হাসয়ে তাহাতে মুখ মনোহর ছন্দ ॥
তাহাতে সভয় তাঁর হইল কলেবর। স্বেদে আর্দ্র হৈল আর কপোলযুগল ॥
আমারে দেখিয়া যেই আনন্দ-আবেশে।
তাহাতেই হস্তের বিলাস-বংশী খসে ॥ ৩
স্ফূর্ত্তিজ্ঞানে অত্যন্ত হৈল যেই আর্ত্তি। তাহাতে কহয়ে সেই সখীজন প্রতি ॥
আমি বাড়াইলুঁ যেই অশোকের লতা।
অল্প পুষ্পগুচ্ছে সেই হইল বিকসিতা ॥
হে সখি! অত্যন্ত দুঃখে দেখিয়ে তাহারে।
অশোক হইয়া শোক দেই সদা মোরে ॥
মোর সরোবর-তীরে সুমন্দ পবন। বহে অতিব্যথাতুর করি' মোর মন ॥
মুকুলের অগ্রভাগে ভ্রমে ভৃঙ্গীগণ। তাহার নিনাদ সেই অতিমনোরম ॥
এমন মুকুল সুখ আমারে না দেই। বিরহে অদ্ভুত বিপরীত হইল এই ॥ ৪
অতঃপর রাধাপ্রাপ্ত কৃষ্ণ-অভিপ্রায়ে।
কহি শ্রোতাগণে কবি আশিস করয়ে ॥
কৃষ্ণের সহিতে গোপসুন্দরীর চয়। আকূত করিয়া সভে ঈষৎ হাসয় ॥
বিলাসে শিথিল হৈল কেশের বন্ধন। উল্লাসে অপাঙ্গে করে কৃষ্ণ-দরশন ॥
পুন করি নিজ বাহুমূল উঠাইয়া। দেখায় অর্দ্ধেক স্তন চাতুরি করিয়া ॥
বল্লবী সকল হেন রহস্য করয়। তথাপি কৃষ্ণের মনে আনন্দ না হয় ॥

রাধিকার উত্তমতা বিচারিয়া মনে। গেল অভিলাষ অন্য সুন্দরীর গণে॥
শ্রীরাধিকার উৎকৃষ্টতা করিয়া নিশ্চয়। নবীনতা উৎফুল্ল হইল অতিশয়॥
এই মত শ্রীকেশব তোমা সভাকার। নিরন্তর হরণ করুন ক্লেশভার॥ ৫

ইতি শ্রীগীতগোবিন্দে অক্লেশকেশব-নামক
দ্বিতীয় সর্গ॥ ২॥

অতএব রাধাপ্রতি সমান প্রণয়।
সে ক্লেশরহিত কেশব এই সর্গে কয়॥ ২

—o:o:o—

তৃতীয় সর্গ

রাধামাধবের প্রেম সর্বোৎকৃষ্ট হয়। দুই সর্গে তাহার করিয়া সুনিশ্চয়॥
তার মধ্যে শ্রীরাধার উৎকণ্ঠা-কথন। এবে করে মাধবের উৎকণ্ঠা-বর্ণন॥
রাধিকার যৈছে কৃষ্ণে উৎকণ্ঠা হইলা।
তৈছে উৎকণ্ঠা কৃষ্ণের রাধাতে জন্মিলা॥
রাধারে সম্যক্‌রূপে ধরিয়া হৃদয়ে। ত্যাগ কৈলা যত ব্রজসুন্দরীর চয়ে॥
সম্যক্ প্রকারে সার যে বাসনা হয়। তার বন্ধনের রাধা পরম আশ্রয়॥
বিবেকী পুরুষ যেন করি তরতম। সারবস্তুনিষ্ঠ অন্য করায় ত্যজন॥
সেইরূপ কৃষ্ণচিত্তে রাধারে ধরিয়া। চলিলা সকল গোপাঙ্গনা তেয়াগিয়া॥১
রাধিকার প্রতি যেই অনুরাগ হৈল। তাহার তরঙ্গে চিত্তে চিন্তা যে জন্মিল॥
তাহাতে আকুল হঞা যমুনার তীরে। কুঞ্জেতে রাধারে বহু অন্বেষণ করে॥
রাধিকার উত্তমতা অন্তরে ভাবিয়া। মন্দবুদ্ধি বলি কৃষ্ণ আপনা নিন্দিয়া॥
শিরীষ কুসুমে যেন বজ্রের তাড়ন। করি' কোন মন্দবুদ্ধি করে পরীক্ষণ॥

তেমতি রাধারে আনি কেন দুঃখ দিল।
এইরূপে অনুতাপ করিতে লাগিল ॥
অনঙ্গ-বাণের ব্রণে খিন্ন হৈল মন। তাহাতে মাধব বিলাপ করয়ে সঘন ॥ ২
রাধিকা-সদৃশী দশা কৃষ্ণের হইলা। তাহাতে এসব বিলাপ করিতে লাগিলা ॥

গোপবধুচয়ে　আমারে বেঢ়য়ে　দেখিয়া চলিলা ধনী।
অন্যের সহিত　কেলি-অবসরে　ভয়ে না বারিল আমি ॥ ১
হায় হায়! কেন বা এমন কৈল।
হতাদর দেখি　তাপিত সুমুখী　কুপিত হইয়া গেল ॥ ধ্রু ॥
সে চির বিরহে　যত তাপ পায়ে　তাহা শান্তি কিসে করে।
ইহা না জানি　মনে দুঃখ মানি　কিবা সে বলিব মোরে ॥
গোধন সকল　ব্রজাঙ্গনাকুল　তাহে কিবা কাজ মোর।
কেলি-সুখে গৃহে　কিবা সে করয়ে　রাধা বিনে দুঃখ ওর ॥ ২
তাহার আনন　চিন্তা করি ঘন　কুটিল ভ্রূযুগ কোপে।
উপরে ভ্রমিলে　ভ্রমর সকলে　রক্তপদ্ম যেন কাঁপে ॥ ৩
মোর হৃদিগতা　বৃষভানুসুতা　রমিব তাহার সনে।
কেনে বা বিলাপ　করি মনস্তাপ　কেনে অন্বেষিয়ে বনে ॥ ৪
অসূয়াতে খিণ,　তোমার পরাণ　তাহাতে জানিয়ে আমি।
উদ্দেশ না করি,　কোথা গেলে চলি　তার তত্ত্ব নাহি জানি ॥ ৫
আমার অগ্রেতে　কর যাতায়াতে　এমন দেখিয়ে আমি।
পূর্ব্বের সমান　কেনে আলিঙ্গন　সংভ্রমে না দেহ তুমি ॥ ৬
অপরাধ মোর　তুমি ক্ষেমা কর　হেন না করিব আর।
বিরহেতে মন　করে উচাটন　দেখা দেহ একবার ॥৭
নম্র জয়দেব　কৃষ্ণের বিলাপ　বর্ণন করিল এই।
কেন্দুবিল্ব গ্রাম　সমুদ্র-সমান　তদুদ্ভব চন্দ্র সেই ॥ ৮

কন্দর্প যেমন স্ফূর্ত্তি হইলা সাক্ষাতে। তাহাতে সন্দেহে পুন লাগিলা কহিতে ॥

অয়ে মন্মথ! তুমি ক্রোধ করি মনে। আমার এদিগে কেনে কর আগমনে॥
মহাদেব-ভ্রমে মোরে না কর প্রহার।
আমি প্রিয়াহীন, গৌরী অর্দ্ধ অঙ্গ তার॥
হৃদয়ে আমার এই মৃণালের হার। সর্পগলে বলি' ভ্রম না করিহ তার॥
কুবলয়-দল কণ্ঠে বিরহ-শান্তনে। গরলের ভ্রম ইথি না করিহ মনে॥
ভস্ম এই নহে দেহে, হয়েত চন্দন। কদাচিত মোরে না করিহ হর-ভ্রম॥
আমার শরীর হর করিল দাহন। তাতে শত্রু সেহো নহি শুন সে কারণ॥
তোমারেহো প্রহারিব তুমি শত্রুসম। যাহাতে লজ্ঘিলে এই আমার শাসন॥
এমন কামের বাক্যে অতিত্বরাপর। কহিতে লাগিলা পুন সভয় অন্তর॥
অয়ে মনসিজ! হস্তে মুকুলের বাণ। না করিহ তোমারে মাগিয়ে এই দান॥
যদি বা করিবে হস্তে, না করিহ চাপে।
চাপারোপ বাণ দেখি মোর প্রাণ কাঁপে॥
লীলায় জিনিলে তুমি সকল সংসার। কাতরে প্রহার কর, নহে ব্যবহার॥
কিবা পুরুষার্থ হয় মূর্ছিত-পীড়নে। তবে যদি বল তুমি মূর্ছিত কেমনে॥
হরিণ-নয়নী-রাধা-কটাক্ষের বাণে। জর্জরিত মন মোর সদা অচেতনে॥ ৪
কামেরে বর্ণন করি রাধা-নেত্রবাণে। স্মরণ করিয়া তারে করয়ে বর্ণনে॥
ভ্রূপল্লব ধনু কটাক্ষশর বাণ। শ্রবণের অধোভাগ গুণ-নিরমান॥
এই সব বাণে কাম জিনিয়া জগতে। অর্পণ করিলা জানি কিবা রাধিকাতে॥
অঙ্গহীন হয় কাম জিনিলে জগতে। জঙ্গমদেবতা রাধা তাহারে জিনিতে॥ ৫
হে সুন্দরি! ভ্রূচাপারোপিত নেত্রবাণ। ব্যথিত করুক সেহো মোর মর্ম্মস্থান॥
তুয়া কেশপাশ করে বধের উদ্যম। মলিনাত্মা কুটিলের স্বভাব-কারণ॥
বিম্বাধর-তুল্য অধর হয় রাগবান্। সে হয়ে উচিত যে মূর্ছিত করে প্রাণ॥
সদ্বৃত্ত তোমার স্তনমণ্ডল-যুগল। আমার প্রাণের সহ খেলে নিরন্তর॥
উত্তম হইয়া প্রাণ চাহে বধিবারে।
এ কার্য্য উচিত নহে জেন কহি কারে॥ ৬

তার পরে অতিখেদ বাড়ি গেল মনে। আশ্চর্য্য মানিয়া পুন করে বিচারণে॥

সে রাধাতে যদি মন লাগিল সমাধি।
তবে কেনে বাঢ়ে মোর বিরহ-বেয়াধি॥

অথবা বাড়িতে পারে,জানিল কারণ। মনের সংযোগ হইলে কি হবে এখন॥
চক্ষুরাদি পঞ্চেন্দ্রিয়-সংযোগ না হয়। বিষয়-অসঙ্গে ব্যাধি-বিরহ বাঢ়য়॥
পূর্বেতে হইল সেই স্পর্শসুখ যত। চঞ্চল শীতল নেত্র-বিভ্রম বা কত॥
সে মুখ-পদ্মের আর সৌরভ সুন্দর। বাক্যের বক্রিমা-সুধা ঝরে নিরন্তর॥
বিম্বফলতুল্য সেই অধর-মাধুরী। পঞ্চেন্দ্রিয় বিষয়-অসঙ্গে ব্যাধি বাড়ি॥ ৭
অতঃপর রাধিকার পূর্বোক্ত বচন। আমারে দেখিয়া লজ্জা সহাস্য বদন॥
সেই কথা কবিবর প্রমাণ করিতে। রাধা-দরশন কৃষ্ণের কহে পূর্বরীতে॥
রাধিকার মুখচন্দ্রে ঈষৎ চঞ্চল। মধুসূদনের যেই কটাক্ষ-সকল॥
অন্য গোপাঙ্গনা-মুখ নক্ষত্র সমানে। তার মধ্যে উল্লসিত রাধার বদনে॥
গোপীগণ রহে বংশী-গীতিস্থান হেরি। কৃষ্ণনেত্রবাণে অবধান নাহি করি॥

গ্রীবা বক্র করি গান করয়ে মুরলী।
তাহাতে বিলোল হৈল শ্রীকৃষ্ণের মৌলি॥

শিরে বিভূষণ কর্ণভূষণ-সৌষ্ঠব। দেখিয়া রহিলা মাত্র গোপাঙ্গনা সব॥
রাধা-মুখ লক্ষ্য করি কটাক্ষ সকল। সে কটাক্ষ তোমাদের করুন মঙ্গল॥ ৮

ইতি শ্রীগীতগোবিন্দে মুগ্ধমধুসূদন নামক
তৃতীয় সর্গ।

অতএব মনোহর শ্রীমধুসূদন। তিঁহো করি' রাধিকার মুখেন্দু-দর্শন॥
তাহাতে আবিষ্ট রসবিশেষাস্বাদন। চতুর শ্রীকৃষ্ণচন্দ্র এই সর্গে হন॥

—:o:—

চতুর্থ সর্গ

রাধা-ভাবে কৃষ্ণ আছে উৎকণ্ঠিত হইয়া।
তাঁরে রাধিকার সখী কহিল আসিয়া॥

যমুনার তীরে বেত্রকুঞ্জেতে বসিঞা। অতিশয় প্রেমভ্রান্ত মন্দমনা হঞা॥
রাধিকার সখী সেই কুঞ্জেতে আইলা।
আসিঞা মাধব প্রতি কহিতে লাগিলা॥

নিন্দয়ে চন্দন চন্দ্রের কিরণ খেদ পায়ে ধৈর্য্যহীনে।
মলয় পবনে সর্পের মিলনে তেজয়ে গরল সমে॥ ১

মাধব হে! তোমার বিরহে রাধা।
অতি দুঃখে তোহে ভাবি লীন হয়ে পাঞা কামবাণ-বাধা॥ ধ্রু॥
হৃদি মর্মস্থানে সজল নলিনী- পত্রের সন্নাহ করে।
আপন হৃদিতে তোমারে রাখিতে সঘন মদন-শরে॥ ২

কেবল সন্নাহ করি সুস্থির আছয়।
সেহো নহে, ব্রত করি কামে আরাধয়॥

কাম-বিশিখের শয্যা মনোহর করিল ব্রতের প্রায়।
তুয়া আলিঙ্গন- সুখের কারণ বিলাস আকাঙ্ক্ষা তায়॥ ৩
তাহার আননে দুই বিলোচনে বহয়ে জলের ধার।
যেমন রাহুর চর্বণে বিধুর গলয়ে অমৃতধার॥ ৪
তোমাতে আবেশ অতি হৈল তার মন।
কামরূপে তোমারে করয়ে আরাধন॥
সখী অগোচরে লেখয়ে তোমারে কামসম মৃগমদে।
মকরবাহন করে চূত-বাণ প্রণাম করয়ে পদে॥ ৫

অবিরত কহে　　শুনহে মাধব !　　পড়িলুঁ তোমার পায়ে।
তুমি সে আমারে　　বিমুখ হইলে,　　সুধানিধি তনু দহে ॥ ৬
দুঃখে প্রাপ্ত জানি　　ধ্যান করি ধনী,　　তোমারে সাক্ষাতে ধরে।
বিলাপ হসন　　বিষাদ রোদন　　গতি তাপ ত্যাগ করে ॥৭
বিরহে আকুল　　রাধিকা সখীর　　বচন যন্তপি পড়ে।
শ্রীজয়দেবের　　ভণিত অধিক　　তবে মন নৃত্য করে ॥ ৮

তোমা বিনে কোন খানে রাধিকা সুন্দরী।
নির্বাহ করিতে নারে দুঃখ পায় ভারি ॥

তোমার বিরহে সেই রাধিকা রঙ্গিণী। গৃহেতে থাকিয়া যেন হইলা হরিণী ॥
নিরন্তর নৃত্যগীত মহোৎসব-যুত।　　হইল নিবাসগৃহ বিপিনের মত ॥
তুয়া দরশন বিনু বহু দুঃখ পায়।　　জালরূপ হইল নিজ সখীগণ তায় ॥
বেষ্টিত হইয়া থাকে সব সখীগণে। কোথাকারে যায় পাছে---এই ভয় মনে ॥
দেহের সন্তাপে যেই নিঃশ্বাস বহয়।　　তাহাতে তাহার দেহ দহন করয় ॥
কন্দর্প হইল যেন ব্যাঘ্রের সমান। তোমা বিনে নিরুপায়, নাহি পরিত্রাণ ॥
বনে যৈছে মৃগী দাবানলের জ্বালায়।　　উদ্বিগ্ন হইল ব্যাঘ্র ত্রাস দেই তায় ॥

অতি নিরুপায় আর জলেতে পড়িলা।
তোমার বিরহে রাধা তেমতি হইলা ॥ ২
পুন সে তাহার চেষ্টা বিশেষ করিয়া।
রাধিকার সখী কৃষ্ণে কহে বিবরিয়া ॥

স্তনে বিনিহিত মহত হার।　　কৃশ তনুতুল্য মানয়ে ভার ॥ ১

কেশব হে ! তোমার বিরহে রাধা ॥ ধ্রু ॥

সরস শীতল চন্দনপঙ্ক।　　বিষতুল্য দেহে দেখিয়া শঙ্ক ॥ ২
নিঃশ্বাস পবন সুদীর্ঘ বহে।　　কামানলসম লাগয়ে দেহে ॥ ৩
বিদলিত-নাল নলিন যেন।　　সজল পবনে চলয়ে তেমন ॥
সজল নয়নে সকল দিকে।　　সঘনে সুন্দরী তোমারে দেখে ॥ ৪

দেখিয়া নয়নে পল্লব-শেষে। আনল সমান তাহারে তেজে ॥ ৫
কপোল তলাতে ভুজের তলে। বালচন্দ্র যেন সন্ধ্যার কালে ॥ ৬
হরি হরি জপে নিজাভিলাষে। মরিব বিরহে হেনই বাসে ॥ ৭
শ্রীজয়দেবে ভণিত গীতি। হরিগুণ-সুখ বিস্তারে নিতি ॥ ৮
তবে কৃষ্ণ কহে যদি রাধার এমন। তবে কি করিবে আর আমার গমন ॥
এমন কৃষ্ণের বাক্যে আশঙ্কা করিয়া। কহিতে লাগিলা সখী নির্বেদ পাইয়া ॥
অশ্বিনীকুমার-সম চিকিৎসক তুমি। প্রসন্ন হইলে তবে জীয়ে সুনয়নী ॥
হইল মদন-জ্বর রাধিকার দেহে। অতি সুকুমার তনু দুঃখ নাহি সহে ॥
পুলকিত হয় তনু, করয়ে সীৎকারে। বিলাপ করয়ে অতি কাঁপে কলেবরে ॥
ক্ষণে উত্তাপিত হয়, ক্ষণে করে ধ্যান। ক্ষণে ভ্রান্ত হয়, ক্ষণে মুদয়ে নয়ান ॥
ভূমিতে লোটাঞা বুলে ইচ্ছা যে উঠিতে।
তখন মূর্ছিয়া পুন পড়ে অবনীতে ॥
মহাজ্বরে রসদান প্রথমে নিষিদ্ধ। পাঁচন ঔষধদান বৈদ্য করে ত্যক্ত ॥
কামজ্বরে হস্তক্রিয়া শীতলোপচার। সখীগণ রাধিকারে না করয়ে আর ॥
বৈদ্য হঞা চিকিৎসা না করে যেই জন। মহা অপযশ পায়, শুনহ কারণ ॥
বিশেষে রাধার সম নাহি অন্য জন। অতএব তারে তুমি করহ রক্ষণ ॥ ৩
ছলে কহি রাধিকার আর্তি সঙরিয়া। সাক্ষাৎ কহয়ে পুন বিকল হইয়া ॥
দেবতার বৈদ্য হৈতে তুমি ত নিপুণ। বজ্রের অধিক কেনে হইলে দারুণ ॥
ইন্দ্রের অশনি সেহ অঙ্গ পরশিয়া। ব্যক্ত যুক্ত কর তুমি দূরেতে থাকিয়া ॥
মদনে আতুর সেই রাধিকা রঙ্গিণী। তুয়া অঙ্গসঙ্গামৃত বাঞ্ছে অনুক্ষণী ॥
এমন রাধার দুঃখ না করহ দূরে। নিষ্ঠুর হইলে অতি কঠিন অন্তরে ॥ ৪
কন্দর্পের জ্বরে যেই সন্তাপ উঠয়। তাহাতে অনিষ্টশঙ্কা সঘন উদয় ॥
বড়ই আশ্চর্য্য এই রাধিকার চিত্ত। চন্দন-চন্দ্রমা-পদ্ম-চিন্তায়ে তাপিত ॥
চন্দনাদি হৈতে তুমি অতি সুশীতল।
তোমার ধ্যানেতে মাত্র আছয়ে কেবল ॥ ৫

এতকাল যৈছে প্রাণ আছে রাধিকার।
আগে তৈছে প্রাণরক্ষা হইব তাঁহার॥

এমন কৃষ্ণের বাক্য-শঙ্কাকুল হঞা। পুনর্বার কহে সখী সদৈন্য করিঞা॥
নয়ন-নিমিষে রাধা তোমার দরশন। তাহে যেই বিরহে মানয়ে যুগসম॥
দারুণ বিধাতা নেত্রে নিমিষ করিল। ক্ষণে ক্ষণে প্রিয়জন দর্শন নহিল।
ইহা বলি যেই রাধা ক্ষীণ হয় পূর্বে। চিরকাল বিরহে কেমনে জীয়ে এবে?
বিশেষে রসাল-শাখে হইল মুকুল। তাহা দেখি তার মন অত্যন্ত আকুল॥৬
এইরূপে কবিবর সখীর বদনে। রাধিকার বৃত্তান্ত করিয়া নিরূপণে॥
কৃষ্ণের বৃত্তান্ত রাধিকারে কহিবারে। উপযোগিতা কবি করিয়া অন্তরে॥
গোপীজনানন্দ কৃষ্ণ বাহুর বর্ণন। করিয়া কহয়ে কবি আশিস-বচন॥
বরিষণে ব্যাকুল গোকুল রাখিবারে। দর্প করি গোবর্দ্ধন ধরে যেই করে॥
বল্লবীসকল অতি আনন্দ হৃদয়ে। সেই কৃষ্ণ-ভুজে সুখে চুম্বন করয়ে॥
তাতে গোপাঙ্গনাগণ-ললাট-সিন্দুর। চুম্বন করিতে করে লাগয়ে প্রচুর॥
তাহাতেই চিত্তেতে এমন অনুমানি। ইন্দ্রজয় লেখাতে চিহ্নিত কৃষ্ণ-পাণি॥
সেই কৃষ্ণ-ভুজ সদা তোমাদের পুণ্য। বিস্তার করুন যে কংসেরে বধে ধন্য॥৭

ইতি শ্রীগীতগোবিন্দে মন্দমধুসূদন নামক চতুর্থ সর্গ।

অতএব শ্রীমধুসূদন চেষ্টাহীনে। এই সর্গে রাধিকার বৈকল্য-শ্রবণে॥

পঞ্চম সর্গ

তার আর্ত্তি-শ্রবণে হইলা ব্যাকুলিত। নিজ অপরাধ চিন্তি তথাপিহ ভীত ॥

আপুনি যাইতে আমি নারিব সেখানে।

পূর্বে মোরে মিলিলা এ নিকুঞ্জ-সদনে ॥

এই বনে কুঞ্জে আমি রহিলুঁ নিশ্চয়। যদবধি তুয়া আগমন নাহি হয় ॥

তুমি গিয়া মোর অপরাধ ক্ষমাইয়া। আমার বচনে তাঁরে বিনয় করিয়া ॥

শীঘ্র ইহাঁ আন এই শুনহ নিশ্চয়। আমার গমনে তার পাছে মান হয় ॥ ১

ইহা বলি নিযুক্ত করিলা সে সখীরে। সখী গিয়া পুনর্বার কহয়ে রাধারে ॥

মলয় পবন বহয়ে সঘন মদন সঙ্গেতে করি।
বিরহ-হৃদয় করিতে দলন ফুটিল কুসুম ভারি ॥ ১

শুন শুন প্রাণসখি !

তোমার বিরহে সেই বনমালী অতি খীণ তনু দেখি ॥ ধ্রু ॥

চন্দ্রের উদয় দহয়ে হৃদয় তাহাতে মরণ মানি।
খসয়ে কুসুম কামবাণ তায় বিকলে বিলাপ বাণী ॥ ২

ভ্রমর-ঝঙ্কার শুনি নিরন্তর ঝাঁপয়ে শ্রবণ করে।
মনেতে বিরহ হইল উদয় প্রতিক্ষণ দুঃখ বাঢ়ে ॥৩

তোমার ধিয়ানে বৈসয়ে বিপিনে তেজয়ে ললিত ধাম।
ধরণী সঘনে লুঠয়ে সঘনে বিলপে তোমারি নাম ॥ ৪

কবি জয়দেব কহিল এ সব বিরহবিলাস যাতে।
পুণ্যবান্ মন প্রেমযুত হরি উদয় করুন তাতে ॥ ৫

কৃষ্ণের বিরহ শুনি রাধিকা মূর্ছিত। দেখি সখী কহে পুন কৃষ্ণ-আচরিত ॥

হে সখি ! মাধব পূর্বে যেই নিকুঞ্জেতে।

সম্ভোগ-আনন্দ কৈল তোমার সহিতে ॥

সে নিকুঞ্জে—কন্দর্পের মহাসিদ্ধ স্থানে।
পুনরপি তোমারে সে করয়ে ধেয়ানে॥
তুয়া নাম মন্ত্রাক্ষর জপিয়া সঘনে। বাঞ্ছা তুয়া কুচকুম্ভ নির্ভর আলিঙ্গনে॥ ২
এসব বচন শুনি রাধিকা সুন্দরী। কিঞ্চিৎ প্রসন্ন হৈলা সখী তাহা হেরি॥
রাধিকারে কহে পুন প্রার্থনা বচন। **অভিসারিকা**বস্থা করিয়া বর্ণন॥
রতিসুখের সার　নিতম্বিনি! অভিসার-　স্থানে গেলা মদনমোহন।
সে তোমার প্রাণনাথে অনুসার কর তাথে,　না করহ বিলম্বে গমন॥ ১
তুয়া পথ সঘনে নেহারি।
বহে ধীর সমীরণে　যমুনার তটবনে　আছয়ে বসিয়া বনমালী॥ ধ্রু॥
সঙ্কেত করিয়া সেহ　তোমার নামের সহ　বাজায়ে মোহন মৃদু বেণু।
তুয়া তনু-সুসঙ্গত　পবনে চলয়ে যত,　ধন্য করি মানে সেই রেণু॥ ২
বিহগ গমনে যদি　শব্দ করে পত্রততি　তোমার গমন-শঙ্কা হয়।
শয্যা করি সুনির্মাণ　সচকিত দুনয়ান　সে তোমার পথ নিহারয়॥ ৩
তেজহ নূপুর তুমি,　সশব্দ অধীর জানি,
কেলিতে চঞ্চল রিপুসমে।
চলহ নিকুঞ্জ প্রতি,　ঘন অন্ধকারে তথি,
নীলবাস কর পরিধানে॥ ৪
জলদে চপলা মিলে,　তাঁর উপরে পুণ্যফলে,
বিপরীত রতিতে শোভিরে।
তাহাতে মুকুতাহার,　চঞ্চল হইব ভাল,
ঘনে বকপাঁতি তেন হরে॥ ৫
হে পদ্মনয়নি ধনি!　পল্লব-শয্যাতে তুমি,
ঘুচাহ জঘন-আবরণে।
বসন রসনা দূরে,　করহ সুন্দরি! তারে,
নিধিদৃষ্টে আনন্দ-নিধানে॥ ৬

তোমারে মাননা করি, নিকুঞ্জে আছয়ে হরি,
সংপ্রতি সে রজনি-বিরাম।
আমার বচন ধর, সত্বর রচনা কর,
পূর্ণ কর মধুরিপু-কাম ॥ ৭
করিয়া কৃষ্ণের সেবা, জয়দেব কবি সদা,
করিলা পরম মনোহর।
শ্রোতা হর্ষে কর অতি, সদয় হরিরে নতি,
সাধুজন বাঞ্ছে নিরন্তর ॥ ৮

এইরূপে শীঘ্র অভিসার করিবারে। কহিয়া কৃষ্ণের দুঃখ কহে পুন তারে ॥
শুনহ সুন্দরি! সেই তুয়া প্রিয়জনে। মদন-কদনে অতিদুঃখ পায় মনে ॥
না আইলা প্রিয়া বলি' ছাড়য়ে নিঃশ্বাসে।
আসিব বলিয়া পুন দেখে চতুর্দিশে ॥
অন্য পথে গেলা বলি' কুঞ্জে প্রবেশিয়া।
কেনে না আইলা কহে তোমা না দেখিয়া ॥
কণ্ঠরুদ্ধ হৈল, তাহে অবেকত বাণী।
বহু দুঃখ পায়, আর কি বলিব আমি ॥
আমারে দৃঢ়ানুরাগ আসিবে এখন। ইহা মনে করি শয্যা করয়ে রচন ॥
মোর চিত্ত জানিবারে রহে লুকাইয়া।
ইহার নিপুণ দেখে ব্যাকুল হইয়া ॥ ৩
পুনরপি অভিসার-ত্বরা করিবারে। সময়ানুকূল সখী কহয়ে তাহারে ॥
তোমার বাম্যের সহ সূর্য্য অস্ত গেলা। কৃষ্ণবাঞ্ছা সহ তম নিবিড় হইলা ॥
চক্রবাক সকলের সুকরুণ স্বন। সদৃশ হইল দীর্ঘ আমার প্রার্থন ॥
তস্মাৎ সুন্দরি ! আর বিলম্ব বিফল। অভিসারে এই ক্ষণ অতি মনোহর ॥ ৪
অতঃপর শীঘ্র অভিসারের কারণ। গোবিন্দের মনোরথ নিবিড় বর্ণন ॥
অতিশয় নিগূঢ়ানুরাগেতে কেবল। লঙ্ঘন করিলা অন্য অপেক্ষা সকল ॥

এইরূপ নায়ক নায়িকা দোঁহাকার। লজ্জাযুক্ত কোন রস নহিলা বিস্তার ॥
পূর্বে উক্ত 'মেঘৈর্মেদুর' আদি করি। তাতে যেই অন্ধকার কহিল বিবরি।
এইরূপ অন্ধকার হইল এখন। ইহাতে উচিত নহে বিলম্ব গমন ॥

পূর্বে যেন অন্য কার্য্যে গিয়াছিলে বনে।
মিলন হইল তাতে করিতে ভ্রমণে ॥
তাতে সম্ভাষণে দোঁহে দোঁহারে জানিলে।
লজ্জাযুক্ত হঞা দোঁহে দোঁহা আলিঙ্গিলে ॥
তার পাছে চুম্বনাদি নখোল্লেখ দিয়া।
তাহার পশ্চাতে মনোভাব প্রকাশিয়া ॥

তারপর সুরতের আরম্ভ করিলে। নবীন সঙ্গমে দোঁহে মহাপ্রীত হইলে ॥
এই ঘন অন্ধকারে করহ গমন। পুন আজি সেইরূপে হইবে মিলন ॥ ৫
একথা শ্রবণে ব্যগ্র গমন-সম্মতি। জানিয়া কহয়ে সখী রাধিকার প্রতি ॥

হে সুমুখি ! তুয়া প্রীতি পাঞা ভাগ্য মানি।
তোমারে দেখাঞা হও কৃতার্থ আপুনি ॥

মদন-তরঙ্গ হয় তুয়া প্রতি অঙ্গে। তাহাতে নির্জনস্থান প্রবেশিয়া রঙ্গে ॥

ভয়ে সচকিত হঞা চাহ চতুর্দ্দিকে।
কোনো স্থানে রহি পাছে কেহো মোরে দেখে ॥
মোর প্রাণপ্রিয় সেই আছে কত দূরে।
ইহা মনে করি থাকি প্রতি তরুতলে ॥

মন্দ মন্দ ক্ষেপ করহ পদযুগে। আনন্দিত হয় তোমা দেখি এইরূপে ॥ ৬
এইমত শ্রীরাধার সঙ্কেতে গমন। নিরূপণ করি কবি ঈর্ষ্যা হৈল মন ॥
দোঁহার মিলনকাল হৈল স্মরণ। তাতে শ্রোতা প্রতি কহে আশিস-বচন ॥
রাধিকার মনোহর শ্রীমুখমণ্ডল। তার মধুপান যেই করে নিরন্তর ॥
ত্রৈলোক্যের শিরস্থান হয় বৃন্দাবন। তার অলঙ্কার-যোগ্য যেই নীলরতন ॥
অতএব ব্রজের সুন্দরী জনমন। সন্তোষ নিমিত্ত হয় সন্ধ্যাকালসম ॥

কংসে বধি আর সভাকারে দেই সুখ। অবনির ভার হরিবারে কালরূপ ॥
এইরূপ হয় যেই যশোদানন্দন। সে তোমারে চিরকাল করুন রক্ষণ ॥ ৭

ইতি শ্রীশ্রীগীতগোবিন্দে সাকাঙ্ক্ষ-পুণ্ডরীকাক্ষ নামক পঞ্চম সর্গ ॥

অতএব সাকাঙ্ক্ষ-পুণ্ডরীকাক্ষ নামে। এ পঞ্চম সর্গ অভিসারিকা-বর্ণনে ॥
রাধিকার গমনেতে আকাঙ্ক্ষা হইল। তাতে যুক্ত কৃষ্ণ এই সর্গেতে কহিল ॥৫

ষষ্ঠ সর্গ

এইমত প্রিয়তমের বৈকল্য-শ্রবণে। দশমী দশাতে রাধা হইলা অচেতনে ॥

দেখি ব্যগ্র সখী পুন কৃষ্ণপানে গিয়া।
তাঁর **বাসকসজ্জাবস্থা** কহে বিবরিয়া ॥

গমন করিতে রাধা সমর্থ না হয়ে। চিরকাল অনুরক্ত দেখি লতাগৃহে ॥
তাহার চরিত সখী গোবিন্দেরে কয়। প্রিয়ার্ত্তি-শ্রবণে কৃষ্ণ মন্দমনা হয় ॥ ১
নির্জনে সকল দিকে দেখে যে তোমারে। তাহার অধর-মধু পিয় নিরন্তরে ॥১

হে নাথ ! তার মন হরে নিলে তুমি।
বাসগৃহে অতি খীণ হয়ে সুনয়নী ॥ ধ্রু ॥

সখীহস্তে ধরি যদি অভিসার করে। দুই এক পদ চলি সেইস্থানে পড়ে ॥ ২
তুয়া রতিকলা ভাবি রাখয়ে জীবন। তাপভয়ে মৃণাল-নবপল্লব-কঙ্কণ ॥ ৩

তুয়া সম বেশ করি দেখে আপনারে।
আমি মধুরিপু হেন ভাবয়ে অন্তরে ॥
তোমা স্ফূর্ত্তি হৈলে পুন কহে বারবার।
কেনে না করিলা হরি শীঘ্র অভিসার ॥ ৫

হরি আইল বলি' মেঘতুল্য অন্ধকারে। আলিঙ্গন চুম্বন করয়ে প্রেমভরে ॥ ৬

পুনঃ তুয়া বিলম্বেতে লজ্জা তেয়াগিয়া।
বাসগৃহে রোদন্ করয়ে বিলাপিয়া ॥ ৭

শ্রীজয়দেবের উক্তি রসিকের প্রতি। অত্যন্ত আনন্দ বিস্তার করু অতি ॥ ৮

পুন রাধিকার আর্ত্তি করিয়া স্মরণে। ব্যাকুল হইয়া কহে, ক্ষমা নহে মনে ॥
রাধার বঞ্চনে অতি সুচতুর তুমি। তুয়া প্রতি সরলা সে হরিণ-নয়নী ॥

আমার নিমিত্ত প্রিয় মন্মথ-ব্যথায়।
আমি কি করিব সেই অতি দুঃখ পায় ॥

ইহা বলি' কন্দর্পের চিন্তা হৃদি করি। তুয়া রস-জলধিতে নিমগ্না সুন্দরী ॥
মনোরথ-সমুদ্রে মগন হৈলা তুমি। তোমা উদ্ধারিতে মগ্ন হৈলা সুনয়নী ॥
যদি কহ—সমুদ্রেতে মগ্ন যেই হয়। বিনা অবলম্বনে সে কেমনে জীয়য় ॥
জলনিধিমগ্ন যৈছে কাষ্ঠাদি-আশ্রয়। করে, তৈছে রাধা তুয়া ধ্যানলগ্ন হয় ॥

ধ্যানেতে তোমারে পাঞা সঙ্গম-বিকার।
বিপুল রোমাঞ্চ-পংক্তি সর্ব্বাঙ্গে তাহার ॥
অত্যন্ত শীৎকারে মনে জড়িমা যে হয়।
তাতে শোকভয়ে যেই বাক্যের উদয় ॥
তাহাতে ব্যাকুল অতি হইলা অন্তরে।
সমুদ্রে ডুবিলে যৈছে জাড্যোদয় করে ॥ ২

পুনরপি কৃষ্ণ ত্বরা করি অতিশয়। রাধার বাসকসজ্জা-চেষ্টিত কহয় ॥

বাসক গৃহেতে বসি রাধিকা সুন্দরী।
অঙ্গে অতি আভরণ করে যত্ন করি' ॥
শ্রীকৃষ্ণ আইলে এথা দেখিয়া আমারে।
মন্দ মনোহর বলি বেশাদিক করে ॥
পুন না আইলে বলি' করয়ে তেজন।
পুন বেশ করয়ে—ইহাতে আকল্পন ॥

পত্রাদি সঞ্চার হৈলে, তুমি আইলে জানি'।
তোমা পাঞা সশঙ্কিত—বিকল্প এ মানি ॥

এখানে আসিয়া কৃষ্ণ করিবে শয়ন। ইহা বলি' শয্যা করে—এ তল্পরচন ॥
চিরকাল তোমার সঙ্গম-রস ধ্যান। করে—তাতে সংকল্প লীলা শত নাম ॥

এ সকলে আসক্ত হইয়া বরতনু।
রাত্রি গোঙাইতে আর নারে তোমা বিনু ॥ ৩

অতঃপর এই সব করিয়া বর্ণন। ব্যাকুল হইল অতি কবিবর-মন ॥
তার অভিসার-পরে সে সব চরিত। সে সকল কহি পুন করয়ে বিদিত ॥
নন্দের সমীপে সখী রাধার বচন। কহয়ে তাহারে যেই করয়ে গোপন ॥
হেন গোবিন্দের বাক্য হউ জয়যুক্ত। রাধা-মনোরথ যেই পূরে অবিরত ॥
রাধার চরণ সেই হয়ে কি প্রকার! হে ভাই ভাণ্ডীর নাম তরুমূলে আর ॥
বিশ্রাম করহ কিবা কালসর্পালয়ে। সানন্দ নন্দের ঘর দৃগ্‌গোচর হয়ে ॥

এ সকল কথা যেই করয়ে গোপন।
সখীরে প্রশংসে হেন গোবিন্দ-বচন ॥ ৪

ইতি শ্রীগীতগোবিন্দে বাসকসজ্জাবর্ণনে ধৃষ্ট-বৈকুণ্ঠ নামক ষষ্ঠ সর্গ ॥

অতএব প্রগল্‌ভ বচন হইল যাতে। ষষ্ঠ সর্গ বর্ণিল এ বাসকসজ্জাতে ॥ ৬

সপ্তম সর্গ

যেহেতু শ্রীকৃষ্ণ না করিলা আগমন। বিবরিয়া কহে কবি তার বিবরণ ॥
ইথি মধ্যে কিরণসকলে শশধর। অতিশয় দৃপ্ত কৈল বৃন্দাবনান্তর ॥
দৃক্‌সুন্দরী-বদনেতে চন্দনের বিন্দু। প্রকটিত কলঙ্কেতে সুশোভিত ইন্দু ॥
তাহাতেই হেন অনুমান করি মনে। কুলটার কুলপথ-বিরোধ-কারণে ॥
সম্যক্ প্রকারে যেই পাতক জন্মিল।
তাতে রোগ-বিশেষে ত চিহ্নিত হইল ॥
নিশ্চয় পাতকী অতি হয় যেই জন। রোগবিশেষে কলঙ্কী হয় সেইজন ॥১
কৃষ্ণ না আসিতে রাধা পুন **উৎকণ্ঠিতা**।
বিবরিয়া কহে কবি সেই অবস্থা ॥
চন্দ্রের মণ্ডল যদি হইল উদয়। মাধবের আগমনে বিলম্বাতিশয় ॥
ইহাতে রাধিকা হৈলা অত্যন্ত ব্যাকুলা।
বিলপিয়া পরিতাপ করিতে লাগিলা ॥ ২

খেদ করি কহে সঙ্কেত সময়ে বিপিনে না গেলা হরি।
নির্মল এরূপ যৌবন আমার বিফল হইল ভারি ॥ ১
এ সময়ে আমি আর।
সখীর বচনে বঞ্চিত হইলুঁ শরণ লইব কার ? ধ্রু ॥
যাহার সঙ্গম- কারণ বিপিন সেবিলুঁ রজনীকালে।
সেই কৃষ্ণ হেতু আমার হৃদয় বিন্ধে কামবাণ-জালে ॥ ২
অতএব সার মরণ আমার অতি সে বিফল ঘর।
জ্ঞানহীন হয়ে কি হেতু সহিব বিরহ-অনল পর ॥ ৩
মধুর বসন্ত- যামিনী আমারে সদাই বিকল করে।
কোন পুণ্যবতী কৃষ্ণের সহিতে সদা কেলিসুখ করে ॥ ৪

সে কর-কল্পিত বলয়াদি মণি- ভূষণ অত্থাপি রাখি।
কৃষ্ণের বিরহ- আনল-ধারণে বহুত দূষণ-সাখী ॥ ৫
কুসুম জিনিঞা মোর সুকুমার তনু কামবাণে করি।
বিষম স্বভাবে পুষ্পমালা এবে হৃদয়ে হানয়ে ভারি ॥ ৬
ভয় নাহি মানি বিপিনেতে আমি বসিঞা আছয়ে এই।
মনেতে আমার শ্রীমধুসূদন, স্মরণ না করে সেই ॥ ৭
কৃষ্ণের চরণ যাহার স্মরণ, হেন জয়দেব বাণী।
মৃদু কলাবতী যেমন যুবতী হৃদয়ে বসুক মানি ॥ ৮

কিবা কোন কামিনীরে কৈল অভিসারে।
কবা কোন বন্ধু কেলিরসে বন্ধ করে ॥
অন্ধকার বনে কিবা করয়ে ভ্রমণ।
কিবা উপতপ্ত অঙ্গ চলিতে অক্ষম ॥
সঙ্কেত করিয়া মনোহর লতাগৃহে।
যাতে না আইলা হেন অনুমানি তাহে ॥ ৩

চন্দ্রোদয়ে শ্রীকৃষ্ণের গমন নহিল।
কৃষ্ণ বিনা সখী রাধার নিকটে আইল ॥
তারে দেখি **বিপ্রলব্ধা** অবস্থা উদয়।
হইল রাধার, কবি তাহা সে কহয় ॥

কৃষ্ণেরে আনিতে সখী গিয়াছিলা তথা।
সে কার্য্য করিতে নারি ফিরি আইলা এথা ॥
তাহাতে বিষাদে মুখে না আইসে বাণী।
তাহা ত দেখিয়া কিছু কহে সুনয়নী।

কোন নায়িকার সহ কৃষ্ণের রমণ। দেখিবার প্রায় বিষণ্ণ হৈল মন ॥ ৪
অনঙ্গ-যজ্ঞের উচিত বেশে। গলিত কুসুম বিলোল কেশে ॥ ১
কোন সে যুবতি কৃষ্ণের সহ। অধিক গুণেতে বিলসে সেহ ॥ ধ্রু

হরি আলিঙ্গনে পুলক ভার। কুচকুম্ভোপরি চঞ্চল হরি ॥ ২
বিলোল অলকে সুন্দর মুখ। কৃষ্ণাধরপানে অধিক সুখ ॥ ৩
চঞ্চল কুণ্ডলে সুন্দর গণ্ড। কাঞ্চি-শব্দে জঙ্ঘাগমন মন্দ ॥ ৪
দয়িতে দেখিয়া লজ্জিত হাসে। বহুবিধ শব্দ সুরতি-রসে ॥ ৫
বিপুল পুলকে সুমন্দ কম্প। সর্বাঙ্গে ব্যাপিল তাহার তরঙ্গ ॥
নিঃশ্বাস আনন্দে ঈষৎ চায়। পুন আবির্ভূত অনঙ্গ তায় ॥ ৬
স্বেদকণা সব দেহে সুন্দরে। রতিরণধীরা পড়িলা উরে ॥ ৭
জয়দেব কৃষ্ণ-রমিত গায়। কলিকৃত পাপ বিনাশে তায় ॥ ৮
অতঃপর চন্দ্রে দেখি কৃষ্ণমুখ মানি। নিজ বিরহেতে তারে পাণ্ডুবর্ণ জানি॥
বিনাশে প্রণয়যুক্ত ভাবি আপনারে। অত্যন্ত আক্ষেপ সেই করে শশধরে ॥
আমার বেদনা বিধু করিয়া বিনাশ। কৃষ্ণমুখ-স্ফূর্তি পীড়া করয়ে প্রকাশ ॥
ইহা বলি কহে পুন তাহার কারণ। অন্যের সহিত যদি করয়ে রমণ ॥
তথাপিহ শ্রীকৃষ্ণের বিরহে আমার। মুখপদ্ম হয় যৈছে পাণ্ডুবর্ণাকার ॥
তৈছে দ্যুতি হইল এই চন্দ্রেরে দেখিয়ে। কন্দর্পের যাতে অতি সুহৃত্তম হয়ে ॥

সেখানে কৃষ্ণের চন্দ্র ব্যথিত করয়।
কৃষ্ণমুখ ভাবি ইহাঁ মোর দুঃখোদয় ॥ ৫
পুনরপি সে নায়িকার **স্বাধীনভর্তৃকা**।
বর্ণন করিয়া পুন কহয়ে রাধিকা ॥

রমণী-বদনে সুখে কস্তূরী-তিলক লেখে,
কলঙ্ক যেমন শোভে চাঁদে।
উদয় হইল কাম দেখি তার মুখ-ঠাম,
অধর চুম্বয়ে কত ছাঁদে ॥ ১
তপন-তনয়া-তীর বনে।
মণ্ডল বন্ধানে কত কৌশল করিয়া যত,
মুররিপু করয়ে রমণে ॥ ধ্রু ॥

চিকুরে অরুণ ঝিঁটি পুষ্প রচে পরিপাটী
ঘনে যৈছে চপলা শোভয় ।
স্বগুণ-বর্ণনে শব্দ কৃষ্ণমুখ করে ব্যক্ত,
অনঙ্গ মৃগের বন হয় ॥ ২

গগনে তারকা যৈছে শুদ্ধ মুক্তাহার তৈছে
রচয়ে নিবিড় কুচযুগে ।
নখচিহ্ন যেন শশী, তেমতি শোভিত অতি,
ম্রক্ষিত কস্তূরী-রুচি জাগে ॥ ৩

কোমল যুগল পাণি, মৃণালের খণ্ড জিনি,
করতল কমলের দলে ।
রত্ন বলয়া দেই, মধুকর-সম সেই,
হিম হৈতে অতি সুশীতলে ॥ ৪

রতির আশ্রয় জন্ম, বিস্তীর্ণ তাহার অঙ্গ,
কন্দর্পের সুবর্ণ আসনে ।
মণিকাঞ্চী সুমঙ্গল, মালা হৈতে নিরমল,
দেই লীলাবিশেষ-বাসনে ॥ ৫

পদ-কিশলয় তার, কমলা-নিবাস সার,
নখমণিগণে সুপূজিতে ।
অলক্তাভরণভরে, বাহ্য আবরণ করে,
করি নিজ হৃদয়ে শোভিতে ॥ ৬

কোন সুলোচনী-সঙ্গে, ক্রীড়া করি অতিরঙ্গে,
সেই খল, হলধরের ভাই ।
কহ সখি ! কি বিফলে, রসহীন চিরকালে,
বনমধ্যে বৃথা দুঃখ পাই ॥ ৭

জয়দেব কবিভূপ,　　রস কহে অপরূপ,
সেবে সদা কৃষ্ণের চরণ।
কলিযুগ আচরিতে,　　দুরিত না বসু' তাতে,
যাতে করে কৃষ্ণের চিন্তন ॥ ৮

কৃষ্ণ বিনা দুঃখী হৈয়া আছিল যেই সখী।
অত্যন্ত নির্বেদে তারে কহে চন্দ্রমুখী ॥
সখী হঞা তুমি মোর প্রীতির কারণ।
দূতীরূপে তাঁর পাশে করিলে গমন ॥
তথাপি নির্দয় যদি না আইলা এথা।
তাহাতে তোমার সখি ! কিবা দোষকথা ॥
কেবল আশ্রয় তার করে যেই জন ॥
তার প্রাণরক্ষা হেতু না করে চিন্তন ॥
অন্তরে শঠতা, বাহ্যে কহে প্রিয় বাণী।
স্বচ্ছন্দে বিহরে লঞা বহুত রমণী ॥

ইহা কহি ক্ষণমাত্র নারে রহিবারে। দেখি সখী হইলা অতিব্যাকুল অন্তরে ॥
পুন যদি গমনের কররে উত্তম।　　দেখিয়া রাধিকা পুন কহয়ে বচন ॥
কৃষ্ণ নিজগুণে আকর্ষিলা মোর মন। তাঁর পাশে চাহে চিত্ত করিতে গমন ॥

দেখি আজি দয়িতের সঙ্গম লাগিয়া।
অতি উৎকণ্ঠাতে প্রাণ যায় ত ফাটিয়া ॥ ৬

তাহার গুণেতে সুখ অন্য নায়িকার। দৃঢ় অভিপ্রায়ে রাধা কহে আরবার ॥

পবনে চঞ্চল　　নীল পদ্মদল-　　নয়ন সে বনমালী।
নব কিশলয়-　　শয়নে সে ধনী　　না পায়ে সন্তাপাবলী ॥ ১
সখি ! কৃষ্ণ বিহরিলা যার সনে ॥ ধ্রু ॥
প্রফুল্ল কমল　　জিনি নিরমল　　সুন্দর কৃষ্ণের মুখ।
বিহরে যা' সনে　　চন্দ্রের কিরণে　　সে ধনী না পায়ে দুখ ॥ ২

অমৃত-মধুর অতি মৃদুতর ঐছন কৃষ্ণের বাণী।
বিহরে যা' সনে দক্ষিণ পবনে শীতল তাহারে জানি॥ ৩
স্থলকমলের রুচি মনোহর কৃষ্ণের চরণ-করে।
বিহরে যা' সনে চন্দ্রের কিরণে সে না লুঠে মহীতলে॥ ৪
সজল জলদ- সমূহ হইতে সুন্দর কৃষ্ণের দেহ।
যা' সনে বিহার বিরহ-নির্ভরে বিদীর্ণ না হয় সেহ॥ ৫
কনক-কষিত যেন সুশোভিত তাহা জিনি পীতবাসে।
বিহরে যা' সনে স্বজন-হসনে নিঃশ্বাস না তেজে সে॥ ৬
সকল ভুবনে যত যুবজনে তাহার তরুণ-সার।
বিহরে যা' সনে অতি সুকরুণে পীড়া সে না হয় তার॥ ৭
কবি জয়দেব কহিল এ সব কৃষ্ণলীলাময় বাণী।
এ সকলে করি হৃদয়েতে ভরি প্রবেশ করয়ে জানি॥ ৮

তারপর অতি উৎকণ্ঠিত হঞা মনে। অতি দৈন্যে প্রিয়বাক্য কহয়ে পবনে॥
মদনে আনন্দ তুমি দেও নিরন্তরে। হে চঞ্চলানিল! কর পর উপকারে॥
দুখ কেনে দেহ, সুপ্রসন্ন হও মোরে।
পুন ক্ষমা নহে, কহে ভেদ করি' তারে॥
সর্বজনে অনুকূল তুমি সর্বক্ষণ। বামতা আমারে তুমি কর কি কারণ?
দক্ষিণ পথেতে যেই গমন করয়। সে যদি করয়ে বাম্য, উপযুক্ত নয়॥
জগতের প্রাণ তুমি, কামে দেহ সুখ। মোর প্রাণ হর' কাহে হইয়া বিমুখ॥
তবে যদি নিশ্চয় বধিবে মোর প্রাণ। ক্ষণমাত্র মাধবে দেখাহ বিদ্যমান॥
পশ্চাত বধিবে তবে আমার জীবন। শুন সমীরণ! তুমি মোর নিবেদন॥
অতঃপর রাগহীন কৃষ্ণে সঙরিয়া। আপনার রাগযুক্ত চিত্তেরে নিন্দিয়া॥
কহয়ে—আমার এই অপরাধ হয়। অন্যজনার দোষ এ কদাচিৎ নয়॥
যে কৃষ্ণে পাইলে মন সখী-সহ স্থিতি। রিপুসম স্বচ্ছন্দ গমন রোধে নিতি॥
শীতল পবন আর হর অগ্নিসম। সুধানিধি বিষতুল্য তপ্ত করে মন॥

সেই সে নির্দয় কান্তে পুন যদি মন। বারণ না মানে চেষ্টা করে অনুক্ষণ ॥
তাহাতে বুঝিয়ে স্ত্রীগণের অভিলাষ। অতি দুর্নিবার, করে সর্বত্র উদাস ॥ ৮
অতএব এইসব আপনার দোষ। হিতাহিত জ্ঞানশূন্য মনে কিবা রোষ ॥
সংপ্রতি বিরহদুঃখ সহিতে নারিয়া।
প্রাণোৎসর্গে মন করি' পুন কহে ইহা ॥
হে মলয় সমীরণ ! পীড়া দেহ মোরে। পঞ্চবাণ পঞ্চ প্রাণ লেহ ত্বরা করে' ॥
যমের ভগিনি ! তোমার ক্ষমায় কি কাজে ?
তরঙ্গসকলে অঙ্গ সিঞ্চহ অব্যাজে ॥
দেহ-দাহ শাম্য হবে হইলে মরণ। কৃষ্ণ-উপেক্ষিত প্রাণে কিবা প্রয়োজন ?
গৃহে কিবা প্রয়োজন না যাইব আর।
কৃষ্ণ বিনা সব শূন্য, নাহি প্রতিকার ॥ ৯
অতঃপর রাধিকার দুঃখের বর্ণন। সহিতে না পারি কবি ব্যাকুলিত মন ॥
সাধারণ কেলিরাত্রির চরিত বর্ণিয়া।
কেলিপরা স্থিতি দোঁহার কহে বিবরিয়া ॥
নন্দাত্মজ জগৎ করুন আনন্দিত। তাহার কারণ এই হয় তৎবিদিত ॥
প্রাতে নীলাম্বর হয় কৃষ্ণের ভূষণে। রাধা-উরে পীতবস্ত্র উত্তরী-বন্ধানে ॥
দেখি সখীগণ মেলি স্বচ্ছন্দ হাসিতে। কৃষ্ণের নয়নাঞ্চল চঞ্চল লজ্জাতে ॥
রাধামুখে আরোপিয়া হাসে মন্দ মন্দ।
হেন কৃষ্ণ জগতের করুন আনন্দ ॥ ১০

ইতি শ্রীগীতগোবিন্দে নাগরনারায়ণ-নামক সপ্তম সর্গ ॥

সপ্তম সর্গেতে এই কৃষ্ণ অবিরত। নাগর যে সব নব, তার মূলীভূত ॥ ৭

অষ্টম সর্গ

বহুবিধ প্রলাপ করিয়া তার পর। কৃষ্ণের বিরহে তাপ পায় নিরন্তর॥

নিজ বাঞ্ছা কহি কষ্টে রাত্রি গোঙাইঞা।

অন্য-ভোগাঙ্কিত কান্তে প্রভাতে দেখিঞা॥

অসূয়াতে পূর্ণ হৈল রাধিকা-অন্তর। কামবাণে যদি জর্জরিত কলেবর॥

তথাপি অসূয়া অতি হইল অন্তরে। রাধিকার আগে কৃষ্ণ অনুনয় করে॥

অন্যসহ বিহরিলা তাঁরে দুঃখ দিয়া। তাতে সুতাপিত যেই রাধিকার হিয়া॥

তাহা ক্ষমাইতে কহে বিনয়-বচন। অতি কোপে সুধামুখী কহয়ে তখন॥

জাগিয়া সকল নিশি, প্রভাতে মিলিল আসি,

অলসে নিমিষ রাঙ্গা আঁখি।

বিহরিলে যার সঙ্গে, নানা রস-পরসঙ্গে,

তার অনুরাগ নেত্রে দেখি॥ ১

যাও যাও, না কহ চাতুরী বাণী মোরে।

কমললোচন অয়ে, যাও তুমি তার গৃহে,

যে তুয়া অন্তর-বিষাদ হরে॥ ধ্রু॥

অয়ে শ্যাম কলেবর সহজে অরুণাধর

অঙ্গ সব দেখিয়ে মলিনে।

কজ্জলে মলিন নেত্রে চুম্বন করিতে তাতে

হইল সে নীলিম-বরণে॥ ২

অনঙ্গ-সংগ্রামে যত নখক্ষতরেখা কত

তোমার শরীরে শোভিত।

মরকতখণ্ড যৈছে কাঞ্চন অক্ষর তৈছে

রতিজয়-লিখন বিদিত॥ ৩

তুয়া পরিসর বুকে   পদের যাবক লাগে
তাহাতে হৃদয় সুমুদ্রিত।
কন্দর্প বৃক্ষের যেন   নবীন পল্লব তেন
বাহে এই দেখিয়ে বিদিত ॥ ৪
তোমার অধরে যেই   দশনের চিহ্ন সেই
জন্মায় আমার মনে খেদ।
সংপ্রতি তোমার দেহ   আমার দেহের সহ
একরূপ নাহি কিছু ভেদ ॥ ৫
বাহির মলিন যৈছে   অন্তর মলিন তৈছে
হয়, হেন করি অনুমানে।
নহিলে যে অনুগত   কামজ্বরে সুপীড়িত
তাহারে বঞ্চনা কর কেনে ॥ ৬
বনে যে ভ্রমহ তুমি   তাহা ত জানিয়ে আমি
স্ত্রী বধিতে এ নহে বিচিত্র।
পূতনা রাক্ষসী ব্যক্ত   কৈল বধূবধযুক্ত
নিরদয় বালক-চরিত্র ॥ ৭
খণ্ডিতা যুবতি রতি-   বঞ্চিতা বিলাপ অতি
জয়দেব কবিবর-বাণী।
শুন ধীর! নিরন্তরে   সুধা হৈতে সুমধুরে
স্বর্গেতে দুষ্প্রাপ্য ইহা জানি ॥ ৮

এইরূপে কৃষ্ণের সহ জানি নিষ্ঠুরতা।
অপরাধ পুন কহে করিয়া ব্যক্ততা ॥
পূর্বে অতিশয় প্রেমে না দেখি তোমারে।
জীবন মরণ স্থির নারি করিবারে ॥
তোমার বিরহ-দুঃখ না যায় সহন। অনিমিষ নেত্রে দেখি তুয়া আগমন ॥

অয়ে ধূর্ত্ত ! আজি দেখি তোমার হৃদয় ।
প্রিয়া-পাদ-অলক্তকে অরুণিম হয় ॥
হেন বুঝি অনুরাগ সে নায়িকা প্রতি ।
বাহে নিকসিয়া বিস্তার হইল অতি ॥

তাহা দেখি সুলজ্জিত আমার হৃদয় । অদর্শন-দুঃখ হইতে অতিদুঃখ হয় ॥ ২

তারপর রাধিকার গাঢ় অতিশয় । প্রবন্ধ করিয়া কবি মনেতে চিন্তয় ॥
তাহা দূর করিবারে বংশীর নিস্বন । প্রশংসা করিয়া পুন কহেন বচন ॥
হরিণী-নয়নী সব সুন্দরীর গণ । তাঁ সভার যেই করে মন-বিমোহন ॥
পারিজাত পুষ্প ভূষা করে বিশ্রংসনে । স্তম্ভিত করয়ে আর করে আকর্ষণে ॥
বশীকরণেতে আর মুরলীর ধ্বনি । যুবতীগণের প্রতি মহামন্ত্র জানি ॥
দর্পযুক্ত আর যেই দানব প্রচুর । তাতে ভয়যুক্ত যেই দেবতার কুল ॥
তাহা সভাকার অনিবার দুঃখপদ । তাহা নাশ করে যেই বংশীর নিনাদ ॥
কংসরিপুর সেই মুরলীর গান । তোমা সভাকারে পুণ্য নিত্য করু দান ॥ ৬

ইতি শ্রীগীতগোবিন্দে বিলক্ষলক্ষ্মীপতি নামক অষ্টম সর্গ ।

অতএব গাঢ় মান দেখি সবিস্ময় । বিলক্ষিত রাধাপতি এই সর্গে কয় ॥ ৮ ॥

নবম সর্গ

প্রণত কৃষ্ণেরে যদি রাধা নিজ মানে।
উপেক্ষা করিতে কৃষ্ণ হৈলা অন্তর্ধানে ॥

তার পর অন্তরে উৎকণ্ঠা, বাহে মান। দেখিয়া কহয়ে সখী রাধা-বিগুমান ॥
কৃষ্ণ অন্তর্ধান কৈল, কামে খিন্ন রাধা। রতি-রসভিন্ন আর বিষাদ-সংযুতা ॥
কৃষ্ণ যত অনুনয় করিল তাঁহারে। সেই সব কথা নিরন্তর চিন্তা করে ॥
কলহান্তরিতাবস্থা হইল উদয়। এমন রাধারে সখী নির্জ্জনে কহয় ॥

অয়ি মানিনি! কহিরে তোরে।

সেই যে মাধব পরম দুর্লভ মান না করিহ তারে ॥ ধ্রু ॥ ১
তালফল জিনি নিতান্ত কঠিন অত্যন্ত সরস আর।
কি লাগি বিফল কর' কুচকুম্ভ কিবা অপরাধ তার ॥ ২
সংপ্রতি তোমারে আমি নিরন্তরে কত না কহিল বাণী।
অতি মনোহর শ্যামল সুন্দর তেজ কি কারণ জানি ॥ ৩
কেন বা বিষাদ করহ রোদন বিকল হইয়া সদা।
হাসে নিরন্তর বিপক্ষ তোমার সকল যুবতি-সভা ॥ ৪
সজল কমল- দল সুশীতল শয্যা নিরমিলে তায়।
তাতে হরি দেখি শ্লাঘ্যকর আঁখি যাহাতে সন্তাপ যায় ॥ ৫
খেদ গুরুতর কি কারণ কর মনেতে সুন্দরী তুমি।
বিরহ-দুঃখের ভেদ সে আমার শুনিয়া সুহিত বাণী ॥ ৬
নিকটে যাইয়া বিনয় করিয়া কহু' সুমধুর হরি।
কহ যে তাহারে কি লাগি অন্তরে বঞ্চিত করহ ভারি ॥ ৭
কবি জয়দেব কহিল এ সব অতি সুললিত বাণী।
হয় রসিকের সুখের বিস্তার কৃষ্ণের চরিত শুনি ॥ ৮

পাদাক্রান্ত কৃষ্ণে রাধা কোপাবিষ্ট হয়।
হিতকারী সখী তারে আক্ষেপ করয় ॥
যাতে স্নিগ্ধ প্রিয় প্রতি নিষ্ঠুর হইলে।
প্রণাম কর‍য়ে তভু স্তম্ভিত রহিলে ॥
তোমা প্রতি অনুরাগী হইলা নাগর।
তুমি তারে দ্বেব কথা কহ নিরন্তর ॥
তুয়া মুখ দরশনে সে হৈল উৎসুক। তাহাতে তাহারে তুমি হইলে বিমুখ ;
কেনে বা করিলে তুমি বিপরীত কর্ম।
তাতে যুক্ত তোমারে চন্দন বিষ-সম ॥
চন্দ্রমা হইল যেন তপন-সমান। সুশীতল হিম হুতবহ-নিরমান।
ক্রীড়াজন্ত হর্ষ তীব্র বেদনার প্রায়। বিপরীত কৈলে বিপরীত ফল তায় ॥২
অতঃপর শ্রীকৃষ্ণ রাধিকা লক্ষ্য করি। কহিবে না যেই কথা কবি সে সঙরি ॥
রাধিকার স্নিগ্ধতা হইয়া গেল স্ফূর্ত্তি।
সে আনন্দে আবিষ্ট হইলা কবি অতি ॥
শ্রীরাধার অত্যন্ত সৌভাগ্য জানাইতে। শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্য করে সুবেকতে ॥
গোবিন্দ-পদারবিন্দ করিয়ে বন্দন। রসাস্বাদ-প্রতিবন্ধ যে করে নাশন ॥
নিবিড় আনন্দে ইন্দ্র আদি দেবগণ। অধিক আদরে যারে কর‍য়ে বন্দন ॥
তাতে মুকুটের ইন্দ্রনীলমণি-শোভা। চরণ-কমলে দেখি যেন অলি-লোভা ॥
গলয়ে আকাশ-গঙ্গা তাতে স্নিগ্ধতর। পদ্মে মকরন্দ যেন দেখিয়ে সুন্দর ॥
যার একাংশে রহত এমন মহিমা। সেই শ্রীকৃষ্ণ যার পদ কর‍য়ে প্রার্থনা ॥
তাহার সৌভাগ্য যেবা করয়ে বর্ণন।
ত্রিভুবন মধ্যে ঐছে হয় কোন্ জন ॥ ৩

ইতি শ্রীগীতগোবিন্দে মন্দমুকুন্দ-নামক নবম সর্গ ॥ ৯

অতএব রাধিকার মান ঘুচাইতে।
মুকুন্দ চিন্তিত হৈলা নবম সর্গেতে ॥ ৯ ॥

দশম সর্গ

এইরূপে প্রার্থনা করিলা যদি সখী।   কোপশাম্যে প্রসন্নবদন চন্দ্রমুখী ॥
বিরহবেদনা আর সহিতে না পারে।   নিশ্বাসে মলিন মুখ বচন না স্ফুরে ॥
লজ্জাযুক্ত হঞা নিহারয়ে সখীমুখ।   দেখিয়া সখীর মনে হৈল অতিসুখ ॥
তবে কৃষ্ণ রাধার সমীপে মন্দমন্দ।   আসিয়া প্রসন্ন দেখি হইলা আনন্দ ॥
গদগদ হঞা কিছু কহয়ে বচন।   যে কথা কহিলা তার শুন বিবরণ ॥

তোমার পরশ ধনি !   বড়ই দুর্লভ জানি
দূরে রহু আলিঙ্গন-সুখ।
যদি কিছু কহ তুমি   আমারে নিষ্ঠুর বাণী,
যাহাতে তোমার নাহি দুখ ॥
দন্তাভা কৌমুদী তোর   হরে অতিশয় ঘোর
ভয়-অন্ধকার সে আমার।
তোমার বদন-বিধু   স্ফুরয়ে অধর-সীধু
লোচন-চকোর বশ তার ॥ ১

প্রিয়ে ! তেজ মোরে অকারণ মান।
মানাবধি কামানল   মোর মন নিরন্তর
দহে, দেহ মুখমধু-পান ॥ ধ্রু ॥
সুদতি ! নিশ্চয় যবে   কোপিনী আমারে তবে
দেহ খর নখশরঘাত।
মোরে বান্ধ নিজহাতে   ব্যথা দেহ দন্তাঘাতে
যাহাতে তোমার সুখজাত ॥ ২
তুমি মোর ভূষণ   তুমি মোর জীবন
তুমি মোর ভবাব্ধি-রতন।

তুমি অনুকূল মোরে হও রাধে ! নিরন্তরে
অতি যত্ন করে মোর মন ॥ ৩
নীল সরসিজ-আভা তোমার লোচন-শোভা
রক্তোৎপল রূপ এবে সেই ।
পুষ্পায়ুধ-বাণ ভাবে মোর রাগযুক্ত যবে
কর তবে যোগ্য জানি এই ॥ ৪
তুয়া কুচকুম্ভোপরে মণিমালা শোভা করে
রাগযুক্ত করয়ে হৃদয় ।
ক্ষুদ্র ঘন্টিকার শব্দ জঘনমণ্ডলে ব্যক্ত
মনমথ আদেশ করয় ॥ ৫
অয়ে সুশীতল বাণী যদি আজ্ঞা কর তুমি
পদে দিয়ে যাবক-ভূষণ ।
স্থল-সরোরুহ গঞ্জে আমার হৃদয় রঞ্জে
রতিরঙ্গে পরম শোভন ॥ ৬
কন্দর্প-গরল হরে ভূষারূপ মোর শিরে
রাখ পদপল্লব উদার ।
দারুণ কন্দর্পব্যথা- সূর্য্য মোরে জ্বালে সদা
হরু' যত তাহার বিকার ॥ ৭
শুনিয়া রাধার মন প্রসন্ন হইলা । দেখি সখী মাধবেরে কহিতে লাগিলা ॥
রাধা লক্ষ্য করি তুমি কহিলে যে সব বাণী
শুন অয়ে রাধিকারমণ ।
কোপিনী রাধায়ে সেই সদাই আনন্দ দেই
সর্বোৎকৃষ্ট হয় সে বচন ॥
অনেক প্রকারে তাতে মান ঘুচাইলে যাতে
অনুরাগ রমণীর অতি ।

রাধিকার চরণাশ্রয়		জয়দেব কবি হয়

তার বাক্য সুখপ্রদ নিতি ॥ ৮

অনুনয় কৈল যদি চাতুরী করিয়া। তথাপি উত্তর রাধিকার না পাইয়া ॥

অন্যের সহিত যেই সম্ভোগ করিলা। তার শঙ্কা নিবারিয়া কহিতে লাগিলা ॥

অন্যস্ত্রীসম্ভোগ-শঙ্কা পরিহর দুরে। তুমি ব্যাপ্ত হইলে এই আমার অন্তরে ॥

কামবিনু অন্য তাতে নারে প্রবেশিতে।

প্রবেশ করয়ে কাম, অনঙ্গ যাহাতে ॥

অন্য প্রবেশিতে নাহি পায় অবসরে।

তবে সাধারণ দৃষ্টি কর কেনে মোরে ॥

শুন প্রণয়িনি! আলিঙ্গন-আরম্ভণে।

আজ্ঞা কর তুমি মোরে সুপ্রসন্ন মনে ॥ ২

আমার বচনে যদি না হয় প্রতীত। আপুনি করহ দণ্ড যে হয় উচিত ॥

তোমার বিমুখে মোর নাহিক উপায়।

অন্যকৃত দণ্ড তোমারে নাহি ভায় ॥

ভুজলতাবন্ধ, দশনাঘাত নির্দয়। নিবিড় স্তনের পীড়া দেহ অতিশয় ॥

তুমি সে শরণাগত-রক্ষণে বিমুখ। এসকলে দণ্ড দিয়া পাও অতিসুখ ॥

কন্দর্প-চণ্ডাল সব দুষ্ট চেষ্টা করে।

যাউ মোর প্রাণ তার বাণের প্রহারে ॥ ৩

যদি কহ কোপ আমি না করি তোমারে।

তাহার কারণ কিছু শুনহ সাদরে ॥

হে চন্দ্রবদনে! তুয়া কোপের কারণ। কুটিল হইল ভ্রূযুগল মনোরম ॥

যদি কহ সহজ-কুটিল ভুরু হয়। কোপের কারণে ব্যক্ত কদাচিৎ নয় ॥

তবে কেনে আমারে করয়ে বিমোহিত? কালসর্পীপ্রায় ভয়ঙ্করী বিপরীত ॥

তাহাতে উদয় ভয়ভঞ্জন কারণ। তুয়া অধরসিধুসুধা সিদ্ধমন্ত্রসম ॥ ৪

এ সব শুনিয়া যদি উত্তর না দিলা। পুনরপি সবিনয়ে কহিতে লাগিলা ॥

মোরে না পাইয়া অতিক্ষীণ হৈলে তুমি।
বৃথা মৌনে ব্যথা আর দেহ কিবা জানি ॥

তস্মাৎ মধুর বাক্য করিয়া বিস্তারে। পিকশব্দে কর্ণজ্বর কর মোর দূরে ॥
তরুণি ! বিবিধ-অভিপ্রায়-বিলোকনে। পঞ্চম সুস্বরে কর সুমধুর গানে ॥
সহজে প্রসন্ন এই বদন তোমার। কৃপাদৃষ্ট্যে ঔদাস্য তেজহ একবার ॥

পূর্বাপর বিচার না জান ভাল মতে।
তুয়া প্রেমপাত্র আইলুঁ তোমার সাক্ষাতে ॥
তোমাপ্রতি আমি হই অতি স্নেহবান্।
বিনাহ্বানে আপুনি আইলুঁ তোমা স্থান ॥ ৫

যাতে পঞ্চপুষ্পাঞ্চিত তোমার বদন।
তাহারে সেবিয়া কাম জিনে ত্রিভুবন ॥
তুয়া প্রসন্নতা বিনে মোর দুঃখ অতি।
ভঙ্গী করি করে সেই অঙ্গ সবে স্তুতি ॥

হে প্রিয়ে ! প্রসিদ্ধ অতি হয়ত মদন।
পুষ্পের আয়ুধ সেই ধরে মনোরম ॥
তোমার বদনে আছে পুষ্প পঞ্চ বাণ।
তাঁরে সেবি বিশ্ব জিনে করি অনুমান ॥

তোমার অধর হয় বান্ধুলী-সমানে ॥ গণ্ডযুগ শুক্ল জিনি মাধবী-কুসুমে ॥
নীল পদ্ম জিনি নেত্র অতিমনোহর। নাসিকা শোভয়ে তিল কুসুমসোঁসর ॥

কুন্দের কলিকা জিনি দশনের কান্তি।
পঞ্চ পুষ্প বদনে শোভয়ে এই ভাঁতি ॥ ৬

এতেক কহিয়া যদি না পাইলা উত্তরে।
অত্যন্ত দুর্লভা জানি পুন কহে তাঁরে ॥

ক্ষীণা পৃথ্বীগতা তুমি হইয়া সুমুখী। তুয়া অঙ্গে অত্যন্ত দুর্লভ এই দেখি ॥
দেবতা-যুবতিবৃন্দ করহ ধারণে। বড়ই আশ্চর্য্য করি' মানি এই মনে ॥

তোমার লোচনদুই প্রিয়-দরশনে। আনন্দে আনন্দবৃক্ষ হয়ত নয়নে ॥
স্বর্গে এক মদালসা দেবকন্যা হয়। তুই মদালসা বহ আশ্চর্য্যাতিশয় ॥
তোমার বদন হয় ইন্দু-সন্দীপনে। দেবকন্যা হয় ইন্দু-সন্দীপনা নামে ॥
তোমার গমন হয় যেন মনোরম। মনোরমা-নামে দেবকন্যা অনুপম ॥
উরুদ্বয় রম্ভারকে করে তিরস্কার। স্বর্গে দেবকন্যা হয়, রম্ভা নাম তার ॥
রতি কলাবতী হও সুকৌশলবতী। দেব-কন্যা স্বর্গে হয়, নাম—কলাবতী ॥
মনোহর চিত্রলেখ হয় ভুরুদ্বয়। স্বর্গে এক চিত্রলেখা দেবকন্যা হয় ॥ ৭
এইরূপে প্রিয়াগুণ করিলা কীর্ত্তন। আবিষ্ট হইল তাহে কবিবর-মন ॥
মহাসঙ্কট স্থানে রাধার স্পর্শন। অনুভব হৈল তাহা করয়ে বর্ণন ॥
কুবলয়াপীড় সহ করিতে সমর। তার কুম্ভ দেখি স্মৃতি রাধা-পয়োধর ॥
তার স্পর্শসুখে হৈল সাত্ত্বিক-উদয়। সেইক্ষণে স্বিন্ননেত্র নিমীলিত হয় ॥
তাহাতে কি সব মহা কোলাহল হৈল। কহয়ে আমরা এই জিনিল জিনিল ॥
তারপর কৃষ্ণ যদি বধিল হস্তিরে। তবে সেই কংস শোকে কোলাহল করে ॥

সেই কৃষ্ণ তোমা সভাকার করু প্রীতি।
বিস্তার করুন কহে শ্রোতাগণ প্রতি ॥ ৮

ইতি শ্রীগীতগোবিন্দে মানিনীবর্ণনে মুগ্ধমাধব নামক দশম সর্গ।

অতএব রাধাস্মৃতি বিকার-বলেতে। 'মনোহরমাধব' এ দশম সর্গেতে ॥ ১০ ॥

একাদশ সর্গ

এইরূপে রাধিকারে প্রসন্ন করিলা। তাঁর সখী ভঙ্গী করি অনুমতি দিলা॥

তাঁহার সম্মতি পাঞা নিকুঞ্জ-শয্যাতে।

কৃষ্ণ গেলে সখী রাধার লাগিলা কহিতে॥

রাধার গমন কৃষ্ণ নিশ্চয় জানিয়া। কুঞ্জশয্যায় গেলা নিজ সুবেশ করিয়া॥

চরণে ধরিয়া তবে শপথাদি দিয়া। রাধারে কহিলা সখী বিনয় করিয়া॥

উচিত রচয়ে বেশ তম-অভিসারে। গেল রাধাকৃষ্ণের অসঙ্গ-দুঃখ দূরে॥

নানা অনুনয় করি, তোমারে কহিলা হরি

চরণে ধরিয়া পরণামে।

বেতসীকুঞ্জের মাঝে, সুকেলি শয়ন-সাজে

তাঁহা এবে করিলা গমনে॥ ১

রাধে! অনুগত সে মধুমথন।

বসন্ত ক্ষোভিত করে, অনুসার কর তারে,

তেজ অতি বিলম্ব গমন॥ ধ্রু॥

অল্প অল্প পদযুগে, ক্ষেপণ করহ আগে,

ঘন জানু-স্তনভার ভরে।

মণি-নূপুরের রব, হংস-শব্দ পরিভব,

কৃষ্ণ-কর্ণে আনন্দিত করে॥ ২

শুন কৃষ্ণ-নর্মালাপ, তরুণীজনের তাপ,

ঘুচায়ে মোহিত করে তারে।

কন্দর্পের আজ্ঞাকারী, পিকগণে দ্বেষ ছাড়ি,

প্রীত কর আনন্দ অন্তরে॥ ৩

তুয়া অভিসার-কাজে, কোমল পল্লবভুজে,
লতাগণ করয়ে প্রেরণ।
অনিলে চলয়ে তাতে, দেখ এই সাক্ষাতে,
কর অতি সত্বর গমন ॥ ৪
অনাত্মীয় মোর বাণী, অহিত মানহ জানি,
জিজ্ঞাস’ আপন কুচকুম্ভে।
জলধারা মুক্তাহার, কামবেগে কাঁপে আর,
সূচায় কৃষ্ণের পরিরম্ভে ॥ ৫
তুয়া দেহ রতিরণ- লজ্জাযুক্ত অনুক্ষণ,
জানয়ে সকল সখীগণ।
রণেতে প্রবীণ তুমি, ডিণ্ডিম-রসনাধ্বনি,
লজ্জা তেজি করহ গমন ॥ ৬
পঞ্চনখ কামশর, এমন তোমার কর,
তাতে সখি! অবলম্ব করি।
চলহ কিঙ্কিণীরবে, তিঁহো সাবধান হবে,
তুয়া প্রাপ্তিশীল হৈলা হরি ॥ ৭
কৃষ্ণে যুক্ত যার মন, তার কণ্ঠে অনুক্ষণ,
নিবসউ জয়দেব-বাণী।
কণ্ঠের ভূষণ যাতে, রাধিকা উদাস ইথে,
রাধাতে আরক্ত কৃষ্ণ জানি ॥
পুনরপি রাধিকারে ত্বরা করিবারে।
কৃষ্ণের উৎকণ্ঠা অতি কহয়ে তাহারে ॥
সেই মোর প্রিয়া সখী বচনানুরোধে। সুমন্দ গমনে আসি আমার সমীপে ॥
করিবে প্রসন্ন দৃষ্টে মোরে বিলোকন। আমি তার মুখপদ্ম করিব দর্শন ॥
কালোচিত কামকথা কহিবে আমারে। প্রতি অঙ্গ-আলিঙ্গনে মহাপ্রীতি করে ॥

বিহার করিবে কিবা আমার সহিতে। এইরূপ কৃষ্ণচন্দ্র আমারে চিন্তিতে ॥
স্থির অন্ধকারে কুঞ্জে তোমারে দেখয়। দেখিতেই কম্প হয় শরীরে উদয় ॥
পুলকিত আনন্দিত সর্ব অঙ্গে স্বেদ। পুন প্রিয়া গেলা বলি পায় বহু খেদ ॥

তুয়া পথ বিলোকিতে উঠয়ে ত্বরিত।
পাইলুঁ বলিয়া হয় আনন্দে মূর্চ্ছিত ॥
গমনে বিলম্ব নাহি সহে অন্ধকারে।
তোমারে ভূষিত করে—সখী কহে তাঁরে ॥ ২
হে সখি! সর্বত্র ব্যাপে ঘন অন্ধকারে।
সুখ দিতে অনুকূল প্রিয় অভিসারে ॥

হেন বুঝি আলিঙ্গনে সর্ব অঙ্গময়। নীলবসনরূপ আবরণ হয় ॥

অন্যেরে বঞ্চিয়া তিঁহো করে অভিসার।
তার প্রতিঅঙ্গ আলিঙ্গয়ে অন্ধকার ॥

অতএব অভিসারে বিলম্ব না কর। যেন অন্ধকার তদুচিত ভূষা পর' ॥
দুই বিলোচনে কর অঞ্জন রঞ্জন। তমালের গুচ্ছচয় কর্ণবিভূষণ ॥
মস্তকেতে শ্যামবর্ণ সরোজের দাম। কুচে কস্তূরিকাপত্র করহ নির্মাণ ॥ ৩
অন্ধকারযোগ্যমাত্র কেবল ভূষণ। সেহো নহে আর এই প্রেম-পরীক্ষণ ॥
তমালের দল বিনি এই অন্ধকার। নিকষ পাষাণ সেই স্বর্ণের বিস্তার ॥
কুঙ্কম জিনিয়া যেই গৌরাঙ্গীর গণ। অভিসার করে সব সঙ্কেত-ভবন ॥
সর্বভাবে সুশোভিত তমাল মঞ্জরী। তাহাতে বেষ্টিত রেখা ঐছে তম ভারি ॥
অত্যন্ত নিবিড় অন্ধকারের ঘটন। যাহাতে তমাল বনে হয় বিহরণ ॥ ৪
তার পর কৃষ্ণের নিকট যদি গেলা। যাইয়া নিকুঞ্জ-গৃহের দ্বারেতে রহিলা ॥
কৃষ্ণের নিকটে নাহি প্রবেশ করয়। হেন রাধিকারে সখী পুনরপি কয় ॥
হারশ্রেণী চঞ্চল কাঞ্চন-কাঞ্চীদামে। নূপুর-কঙ্কণ-মণি দ্যুতি সুশোভনে ॥

নিকুঞ্জ-গৃহের দ্বারে দেখিয়া কৃষ্ণেরে।
সুলজ্জিতা রাধা—সখী কহয়ে তাহারে ॥ ৫

এই কুঞ্জে সুকেলি-সদনে।
প্রবেশি কৃষ্ণের পাশ　　কর রাধে! সুবিলাস
রতিহর্ষে সস্মিত বদনে ॥ ১

নব অশোকদল শয্যাসার।
প্রবেশি কৃষ্ণের পাশ　　কর রাধে! সুবিলাস
কুচকুম্ভে তরলিত হার ॥ ২

শৃঙ্গারের পুষ্পবাসগেহ।
প্রবেশি কৃষ্ণের পাশ　　কর রাধে! সুবিলাস
পুষ্প জিনি সুকুমার দেহ ॥ ৩

মন্দ বায়ু সুগন্ধে সুশীত।
প্রবেশি কৃষ্ণের পাশ　　কর রাধে! সুবিলাস
রতিযোগ্য মনোহর গীত ॥ ৪

বিস্তৃত নূতনপত্র ঘনে।
প্রবেশি কৃষ্ণের পাশ　　কর রাধে! সুবিলাস
অলসেতে নিবিড় জঘনে ॥ ৫

মধুমদে মধুপের রাব।
প্রবেশি কৃষ্ণের পাশ　　কর রাধে! সুবিলাস
কামরসে সরস স্বভাব ॥ ৬

পিকশব্দে মধুর মুখর।
প্রবেশি কৃষ্ণের পাশ　　কর রাধে! সুবিলাস
দন্তরুচি রুচির শিখর ॥ ৭

জ্ঞাত রাধা সুখের সমাজে।
মুরারি মঙ্গল শত　　কহে কর অবিরত
জয়দেব কবিরাজরাজে ॥ ৮

রাধারে প্রসন্ন দেখি অতি সুকৌতুকী।
পুনরপি তাঁহারে কহয়ে কিছু সখী॥
চিরকাল তোমারে বহয়ে মনে করি।
পীনস্তন-শ্রোণীভারে অতিশ্রান্ত হরি॥
কন্দর্পের বশে অতি তাপিত হইলা।
সেই শ্রমে তাপে তাঁর পিপাসা জন্মিলা॥
তুয়া বিম্বাধরসুধা সদা ব্যাপ্ত হয়। তাহা পান করিবারে ইচ্ছা উপজয়॥
তস্মাৎ শুনহ রাধে! একক্ষণ তুমি।
কৃষ্ণক্রোড় অঙ্গীকার কর নিজ জানি॥
যদি কহ—না জানি কৃষ্ণের অভিপ্রায়ে।
তাঁর অঙ্ক-প্রবেশে সঙ্কোচ চিত্তে হয়ে॥
যে জন সেবয়ে পদ ক্রীতদাস প্রায়। কেমনে সঙ্কোচ ধনি! হইবেক তায়॥
যদি কহ—তাঁরে আমি কেমনে কিনিল।
তোমার কটাক্ষ-লবে আপনা বেচিল॥ ৬
এইরূপ সখীবাক্যে আনন্দ অন্তর। প্রবেশ করিল কুঞ্জগৃহের ভিতর॥
মণিময় নূপুরে করিয়া নিস্বন। সভয় আনন্দ কুঞ্জে প্রবেশে তখন॥
প্রথম সঙ্গমে হইলা ভয় অতিশয়। বিচ্ছেদের পরে পাইতে আনন্দ-উদয়॥
অতএব রাধিকার গোবিন্দেরে দেখি। অতিশয় চঞ্চল হইল দুই আঁখি॥
রাধামুখ-শশিকান্তি দেখি কৃষ্ণে নানা ভাঁতি
বিকারের তরঙ্গ-উদয়।
চন্দ্রের মণ্ডল দেখি জলনিধি যৈছে সুখী
চঞ্চল তরঙ্গে অতিশয়॥ ১
হরি চির অভিলষিত-বিলাস।
মুখ অতিহর্ষবশ কেবল শৃঙ্গার রস
দেখে রাধা অনঙ্গ প্রকাশ॥ ধ্রু॥

নির্মল মুকুতাহার　　বক্ষে সুশোভিত তার
লম্বিত হইল অতি দূর।
ফেন ব্যক্ত অতিশয়　　তাহাতে শোভিত হয়
যৈছে যমুনাজলপূর ॥ ২

শ্যামল কোমল অতি　　দেহ মণ্ডলের ভাঁতি
তাহাতে শোভয়ে পীতাম্বর।
পীত পরাগের চয়ে　　মূলে সুবেষ্টিত হয়ে
যৈছে নীল সরোরুহবর ॥ ৩

চঞ্চল কটাক্ষ চলে　　মুখপদ্ম মনোহরে
তাহাতে জন্ময়ে রতিরাগে।
বিকশিত পদ্ম মিলে　　খঞ্জন যুগল খেলে
শরৎ কালে যৈছন তড়াগে ॥ ৪

মুখপদ্মপ্রকাশনে　　মিলিত মিহির সনে
মণিময় কুণ্ডল শোভয়।
স্মিতরুচি পুষ্প জিনি　　কম্পিত অধর জানি
রতিলোভ তাহাতে জন্ময় ॥ ৫

চন্দ্রের কিরণ যৈছে　　জলজ ব্যাপিত তৈছে
কুসুমে সুন্দর যার কেশ।
চন্দ্রের মণ্ডল যেন　　তিমিরে উদয় তেন
চন্দনের তিলক-নিবেশ ॥ ৬

প্রচুর পুলক দেহে　　তাতে দন্তুরিত হয়ে
কেলিকলা সকলে অধীর।
মণিযুক্ত আভরণ　　তাহার কিরণগণ
তাতে অতি সুন্দর শরীর ॥ ৭

সাধুজন হৃদে ভর হরিরে প্রণাম কর
পুণ্যের উদয় প্রাপ্ত হয়।
জয়দেব কবি-বাণী দ্বিগুণ তাহাতে জানি
উপমা বিলাসে ভূষাচয় ॥ ৮

এইরূপে শ্রীরাধার পাঞ্চা পরশনে। আনন্দে কৃষ্ণের যে বিকার হৈল মনে॥
তাহা কহি রাধিকার আনন্দ-বিকার। কৃষ্ণের দরশনে কবি কহে আরবার॥
কৃষ্ণেরে দেখিয়া শ্রীরাধার দুনয়ানে। হর্ষোদয়ে অশ্রুচয় পড়য়ে তখনে॥
হেন বুঝি স্বেদজল প্রবাহ বহয়। অতিশয় চঞ্চল নেত্রের ধারাচয়॥
নেত্রান্ত গমন করি শ্রবণ পর্য্যন্ত। গমন-প্রয়াসে তারা পড়ে অবিরত॥
অন্য কেহো যদি করে অত্যন্ত গমন। অতিদ্রুতগতি হৈলে পড়য়ে তখন॥
পড়িলে লজ্জাতে সর্বদিক নিরীখয়। কৃষ্ণদরশনে রাধা-নেত্র তৈছে হয়॥ ৮
তারপর শয্যার সমীপে যদি গেলা। প্রিয়-নিরীক্ষণাবেশে লজ্জা তেয়াগিলা॥
শয্যার নিকটে যদি রাধা প্রবেশিল। তাঁর সুখে সখীগণ সাবধান হৈল॥
ঈষৎ হাসিয়া কর্ণ কণ্ডূছল করি। কুঞ্জগৃহ বাহে চলি গেলা সহচরী॥
তবে রাধিকার লজ্জা সলজ্জ হইল। হরিণ-নয়নী ছাড়ি অতিদূরে গেল॥
কামবাণে হাস্য কটাক্ষাদি যেই হয়। তাহাতে সুন্দর প্রিয়মুখ নিরীখয়॥ ৯
তারপর অভিলাষে কৃষ্ণভুজদণ্ড। সঙরি কহয়ে তার সৌন্দর্য্য অখণ্ড॥
মুরজয়ী-ভুজদণ্ড সর্বোৎকৃষ্ট হয়। কুবলয়াপীড় যেই নিধন করয়॥
তাহারে বধিতে রক্তবিন্দু লাগে করে। হেন অনুমান হয় দেখিয়া তাহারে॥
হস্তিসহ সংগ্রাম-আনন্দে সুশোভিত। আপনে সিন্দূরে জয়রেখায় মুদ্রিত॥
জয়শ্রী অর্পিত বৈছে মন্দার কুসুমে। পূজিত হইল তৈছে করি অনুমানে॥১

ইতি শ্রীগীতগোবিন্দে সানন্দ-গোবিন্দ নামক
একাদশ সর্গ॥ ১১ ॥

বিপ্রলম্ভ পরে যদি রাধারে পাইলা।
গোবিন্দ আনন্দযুক্ত এই সর্গে হৈলা॥ ১১

দ্বাদশ সর্গ

তার পর প্রেমে রাধা আবিষ্ট হইলা।
জানি কৃষ্ণ আপনারে কৃতার্থ মানিলা ॥
অত্যন্ত বিনয় করি সনর্ম বচন। প্রিয়াপ্রতি কৃষ্ণচন্দ্র কহয়ে তখন ॥
সখীগণ যদি তাঁহা হৈতে বাহে গেলা। তবে রাধিকার মন সরল হৈলা ॥
রহিত হইল তাঁর লজ্জা অতিশয়ে। তাতে কামবাণবশে যেই অভিপ্রায়ে ॥
তাহাতে হইল মন্দহাস্যের উদয়। রাধা-বিম্বাধর তাতে সুশোভিত হয় ॥
নবীন পল্লবে যেই শয্যা নিরমিত। আরবার তাতে দৃষ্টি করিলা অর্পিত ॥
তাহা দেখি বিলাসের ইচ্ছা উপজিলা।
দেখিয়া রাধারে কৃষ্ণ কহিতে লাগিলা ॥

কৈলে নানা অভিলাষে, পাদপদ্ম বিনিবেশে,
করহ পল্লব-শয্যোপরি।
সুশোভন পদগুণে, সেহো পরাজয় মানে,
যাতে পদ পল্লবের বৈরী ॥ ১
রাধে ! তুয়া অনুগত জন।
নায়ক সকলাশ্রয়, পরম নায়ক হয়,
তারে তুমি ভজ অনুক্ষণ ॥ ধ্রু ॥
দূরে হৈতে আইলে তুমি, নিজ করপদ্মে আমি,
করি পদযুগের পূজন।
পল্লবশয়নোপরে, নূপুরের প্রায় মোরে,
অঙ্গীকার কর একক্ষণ ॥ ২
মুখচন্দ্র বিগলিত, রচহ বচনামৃত,
আমার সাধ্বস যেই হরে।

বসন-বিরহপ্রায়, স্তন অদর্শন তায়,
উরে হৈতে তারে করি দূরে ॥ ৩
তুয়া কুচকুম্ভদ্বয়, হর্ষে পুলকিত হয়,
মোরে আলিঙ্গন করিবারে।
অতি সুদুর্লভ তারে, অর্পহ আমার উরে,
মনসিজ-তাপ কর দূরে ॥ ৪
বক্র বিলোচন বশে অধরের সুধারসে,
জীয়াহ মরণাপন্ন দাস।
তোমাতে অর্পিত মন, দেহ দহে কামানল,
না পাইয়া তোমার বিলাস ॥ ৫
হে চন্দ্রবদনি ! মণি- কাঞ্চী শব্দ কর শুনি,
কণ্ঠশব্দ সহিত নিনাদ।
মোর শ্রুতিযুগ বাধে, বিকল কোকিল নাদে,
খণ্ডাহ তাহার অবসাদ ॥ ৬
বৃথা কোপে মোরে পূর্বে, বিকল করিলে এবে,
মোরে দেখি তোমার নয়ন।
লজ্জিত হইল ধনি ! তেজ কোপ ইহা জানি,
রতিসুখ করহ এখন ॥ ৭
শ্রীকৃষ্ণের নিরন্তরে, আনন্দ বিস্তার করে,
মনোরম রতিরসসুখ।
করয়ে রসিকপ্রতি, শ্রীজয়দেবের গীতি,
ইহা হৈতে হরে সর্বদুখ ॥ ৯

এইরূপে কেলি-সামগ্রী নিরূপণ করি।
নির্জন কেলি-আরম্ভ কহয়ে বিবরি ॥

অহমিকা-চিত্তযুক্ত হইলা দুইজন। তাহাতে হইল বেই কেলি-আরম্ভণ ॥
সুরতি-আরম্ভে যেই বিঘ্নের উদয়। সেহো দোঁহাকার প্রীতি অত্যন্ত করয় ॥
বহুবিধ সংভ্রমে সুরতি-আরম্ভণ। আশ্চর্য্য হইল সেই অতি মনোরম ॥

কেহো কোন কর্ম যদি অন্যত্র করয়।
তাতে বিঘ্ন কৈলে সেই কার্য্য নাহি হয় ॥
ইঁহা বিঘ্ন আদি মধ্যে যগুপি বাঢ়িল।
ক্রীড়ারম্ভ তথাপিহ বাঢ়িতে লাগিল ॥

অতএব আরম্ভ অদ্ভুত অতিশয়। কার সহ কাঁহা বিঘ্ন কহে সে নিশ্চয় ॥
নিবিড়ালিঙ্গনে বিঘ্ন পুলক সহিত। নিমিষের সহ ক্রীড়াকৃত-বিলোকিত ॥
নর্মবাণী সহ বিঘ্ন অধরের পানে। সেই অনির্ব্বচনীয় কামকলাবাণে ॥
আনন্দাবেশে হইল অত্যন্ত বিবশ। ক্রীড়ারম্ভে বিঘ্ন বাঢ়াইল প্রেমরস ॥ ২
ক্রীড়ারম্ভে বিঘ্নেতে কেবল প্রীত হয়। সেহো নহে বন্ধনাগ্রে প্রীতি উপজয় ॥
রাধার বিবিধ বাঞ্ছাপূরণ-নিপুণে। বিলাস করয়ে যদি রাধিকার সনে ॥
তাতে বন্ধনাদি হৈতে পরাভব হইলা। তভু প্রতিক্ষণ বিলক্ষণ সুখ পাইলা ॥
তস্মাৎ আশ্চর্য্য এই কন্দর্পের গতি। অতিশয় লজ্জা হয় অন্যজন প্রতি ॥

কান্ত প্রতি কান্তার না হয় লজ্জাভর।
কান্তারে না করে কান্ত লজ্জা গুরুতর ॥
বন্ধনাগ্রে কেমনে হইলা পরাভব।
সংপ্রতি কহিয়ে শুন সে কারণ সব ॥
দুই ভুজে রাধিকা বান্ধিলা সুনাগরে।
পীড়িত করিলা পয়োধরভার-ভরে ॥

নখে ক্ষত কৈল আর কৃষ্ণ-কলেবর। দশনে করিল ক্ষত রাতুল অধর ॥
পীন শ্রোণীতটে আর করিল আহত।
হস্তে করি কচে ধরি কৈলা আনমিত ॥

অধরের সুধাপানে বিবশ করিলা।
তাহাতে কৃষ্ণের মহা তৃপ্তি যে জন্মিলা॥ ৩
পরস্পর জিনিবারে হৈল যবে মন।
তবেত করিল রতিকেলি-আরম্ভণ॥

প্রকট করিলা অতিপ্রৌঢ় আপনার। তাতে অতিশয় প্রেম হইল রাধার॥
কান্তে জিনিবারে তবে কান্তের উপরে। করিতে উচিত কর্ম সাহস অন্তরে॥
সম্ভ্রম হইলা যদি অত্যন্ত উৎসাহে। জাড্য দশা উদয় হৈল তাঁর দেহে॥
তাহাতে জঘনস্থলী হইল নিশ্চলে। ভুজলতা রাধিকার হইল শিথিলে॥
অতিশয় কম্পিত হইল বক্ষঃস্থল। মীলিত হইল আর নয়ন-যুগল॥
কামচিহ্ন-রণে এই অবস্থা জন্মিলা। তাহাতে সুন্দরী অতি কাতর হইলা॥
প্রসিদ্ধ আখ্যান যার কহিয়ে স্ত্রীজাতি। পুরুষের রস তার সিদ্ধ হয় কতি?
তারপর রাধিকার রসাবেশ দেখি। তাঁহার অধর প্রিয় পিয়ে অতিসুখী॥
অতিশয় আনন্দ যে হইল অন্তরে। তাহাতে রাধিকা দেহ ধরিতে না পারে॥
শ্রীকৃষ্ণ তাহার মুখ-মধু করে পানে। তাহাতেই আপনারে ধন্য করি মানে॥
কস্তূরীতে শ্যামবর্ণ উচ্চ পয়োধর। তাহার উপরে আলিঙ্গিত কলেবর॥
মৃগলোচনীর মুখে লোচন মীলিত। আনন্দে কপোলযুগ হৈল পুলকিত।
নিরন্তর শীৎকার করয়ে তার বশে। অব্যক্ত আকুল শব্দ হয় কেলিরসে॥
তাহাতে দন্তের ছবি লাগিল অধরে। তাতে অনুরঞ্জিত অধর মনোহরে॥ ৫
সুরতান্ত-চিহ্ন দেহে রাধার প্রকাশ। তাহা দেখি কৃষ্ণের দ্বিগুণ অভিলাষ॥
রাধিকার বক্ষঃস্থল নখাঙ্কে চিহ্নিত। পাটলীপুষ্পের প্রায় হৈল অরুণিত॥
নিদ্রাতে লোচনদ্বয় লোহিত হইল। চুম্বনাদ্যে অধরের রাগ দূরে গেল।
ঘুচিল কচের আর মাল্যের বন্ধন। ইতস্ততঃ বিলুলিত হৈল কেশগণ॥
কাঞ্চীদাম হইল ঈষৎ শ্লথাঞ্চলে। এই কামশর লগ্ন রাধা-কলেবরে॥

প্রভাত সময়ে ঈষৎ করি দরশন।
এ আশ্চর্য্য! তাতে বিদ্ধ হৈল তাঁর মন॥

অন্যত্র অর্পিত করে কাম নিজ বাণে।
অন্যের হৃদয় বিন্ধে আশ্চর্য্য কথনে॥
পুনঃ পুনঃ রাধিকার প্রত্যঙ্গ দেখিতে।
অতৃপ্ত হইল কৃষ্ণ—লোভ বাঢ়ে চিত্তে॥ ৬
কৃষ্ণমন বিদ্ধ যদি কৈল কাম-বাণে।
এই সব ভাবনা করয়ে মনে মনে॥

বিমর্দিত মন যদি হইল রাধার। তথাপি সুরতি ইচ্ছা জন্মায় আমার॥
পয়োধর-জানুস্থান হস্তে আচ্ছাদিয়া। আমারে দেখয়ে অতি সলজ্জ হইয়া॥
সহজ প্রত্যঙ্গ-শোভা দেখিয়া রাধার। সুরতির ইচ্ছাযুক্ত হইল মন তাঁর॥
বিগলিত কেশবন্ধ, অলক চঞ্চল। কপোলযুগলে ব্যাপ্ত হৈল স্বেদজল॥
বিম্বফলতুল্য যেই রাতুল অধর। ক্ষত হৈল, তার সেই শোভা মনোহর॥

কুচের শোভায় হার পরাভব হৈল।
শিথিল হইল কাঞ্চী কোন্ দিকে গেল॥
রসাবেশে শিথিল দেখিয়া নিজ অঙ্গ।
আপনার ক্রীড়াবেশে লজ্জার তরঙ্গ॥ ৭
এইরূপে প্রিয় দরশনে মত্ত হৈলা।
স্বাধীনভর্ত্তৃকাবস্থায় কহিতে লাগিলা॥
নিজবশ প্রিয় জানি রাধিকা সুন্দরী।
কৃষ্ণের স্পর্শনহেতু লোভ হৈল ভারি॥
রতিশ্রান্ত গোবিন্দের ইচ্ছা মনে জানি।
আদর করিয়া তাঁরে কহে সুনয়নী॥
রতি-অন্তে নিতান্ত ক্লিষ্টাঙ্গী রাধা হয়।
তার দেহ-শোভা কৃষ্ণ মনেতে চিন্তয়॥

অনঙ্গ মঙ্গল-　কলস-সোদর　এই মোর পয়োধরে।
হে যদুনন্দন　মৃগমদ পত্র　করহ শীতল করে॥ ১

মনেতে আনন্দ দিঞা।

বিহরিলা হরি	রাধিকা সুন্দরী	কহে আনন্দিত হঞা ॥ ধ্রু ॥
অনঙ্গের বাণ	করয়ে মোচন	এমন লোচন মোর।
চুম্বনে গলিত	অঞ্জনে রচহ	অলিকুল জিনি ঘোর ॥ ২
মোর নেত্রমৃগ-	তরঙ্গ নিবাস	করে মোর শ্রুতিভাগে।
মনসিজপাশ	ধরয়ে তাহাতে	রচহ কুণ্ডলযুগে ॥ ৩
কমল বিমল	বদনে আমার	রচহ অলকচয়।
যেন চিরকাল	কমল উপর	ভ্রমর সকল হয় ॥ ৪
মৃগমদরসে	তিলক সুন্দর	করহ ললাটচাঁদে।
হে পদ্মবদন!	তাহাতে যেমন	কলঙ্ক কলার ছাঁদে ॥ ৫
আমার চিকুর	কামের চামর	ময়ূর-শিখণ্ড জিনি।
রতি বিগলিতে	সুন্দর তাহাতে	কুসুম রচহ তুমি ॥ ৬
শৃঙ্গারে নিবিড়	জঘন আমার	অনঙ্গবারণ-গৃহে।
দেহ শুভাশয়!	কাঞ্চী মণিময়	বাস আভরণ তাহে ॥ ৭
শ্রীজয়দেবের	বচনে হৃদয়	করহ ভূষণরূপে।
গোবিন্দের পদ	স্মরণে অমৃত	খণ্ডে কলিকৃত পাপে ॥ ৮

অত্যন্ত আবেশে রাধা আজ্ঞা কৈল তাঁরে।
শুনি আনন্দিত কৃষ্ণ সেই সব করে ॥

কুচে মকরিকা পত্র, কবরী-রচন। কপোলযুগলে চিত্র করহ ঘটন ॥
মণিময় কাঞ্চী দেহ জঘনে আমার। কবরী বান্ধিয়া মাল্যে পূজ কেশভার ॥
বলয়সকল ভুজে করহ মণ্ডিত। চরণে নূপুরযুগ কর সুশোভিত ॥
এইরূপে সুনাগরী কৃষ্ণেরে কহিলা ॥ প্রীত হঞা পীতাম্বর সে সব করিলা ॥৯
নিজাভীষ্ট দোঁহে পুষ্ট করে অতিশয়। সর্বোত্তমতা তার করিয়া নিশ্চয় ॥
আবেশ হইলা মনে করুণা উদয়। তাহাতে সন্দিগ্ধ ভক্তি-রসিকেরে কয় ॥
অয়ে ভক্তজন! সদা হঞা আনন্দিত। সৎকাব্যকর্ত্তা জয়দেব পণ্ডিত ॥

ভদ্রাভদ্র বিবেচনা বুদ্ধিতে পণ্ডিত। নিরন্তর কৃষ্ণেতে একান্ত যার চিত্ত ॥
তাহার কবিত্ব গীতগোবিন্দ হইতে। এই সব শোধন করহ অবিরতে ॥
সঙ্গীতশাস্ত্রেতে রাগতালাদি কহয়। তাহাতে নৈপুণ্য ইথি করহ নিশ্চয় ॥
সর্ব্বব্যাপক বিষ্ণু সর্ব-অবতারী। অচিন্ত্য অনন্তশক্তি বৈকুণ্ঠাধিকারী ॥
তিহোঁ ভগবান্ যার হয়েন স্বরূপ। সেই কৃষ্ণ স্বয়ং ভগবান্ স্বয়ংরূপ।
তাঁহার ভজন-বিষয়েতে যার ধ্যান। নিজাভীষ্ট তার লীলা বিচার সন্ধান ॥
এই কাব্য দেখি তারে করহ নিশ্চয়। তাহাতে দুর্গম যে শৃঙ্গার রস হয় ॥
মহাপ্রেমরসের বিচার যেই তত্ত্ব। অত্যন্ত দুরূহ ব্রজদেবী লীলা-গত ॥
মহাভাব পর্য্যন্ত সে লীলারস হয়। এই অনুসারে তারে করহ নিশ্চয় ॥ ১০

অতঃপর রাধিকার অভ্যঙ্গ দর্শনে। অতৃপ্তে উৎকণ্ঠা সে উদয় হৈল মনে ॥
শেষশায়ী লক্ষ্মী দেখি উৎকণ্ঠিত হয়। তাহা ভাবি সকৌতুক আশিস্ করয় ॥

হে প্রিয়ে! সেই শেষশায়ী যে তোমারে।
সখীর সহিত রক্ষা করু নিরন্তরে ॥
হেন বুঝি শত নেত্রে লক্ষ্মীরে দেখিতে।
কায়ব্যূহরূপে তিঁহো হইলা বিস্তৃতে ॥

যাতে বহুরূপ হৈলা শুন সে কারণ। শেষশয্যা কৈল তার ফণামণিগণ ॥

প্রতিবিম্বগণ তাতে মিলিত হইল।
তাহার বিস্তারে বিভু প্রক্রিয়া ধরিল ॥ ১১

তারপর উছলিত হইল প্রার্থনে। তাতে রাধিকার বক্ষঃ করি বিলোকনে ॥
রাধিকারে কৃষ্ণ করাইতে অন্যমনা। পুনঃ করে নারায়ণ-চরিত বর্ণনা।
সেই কথা কবিবর করিয়া স্মরণ। শ্রোতাগণ প্রতি কহে আশিস-বচন ॥
শুনহ সুন্দরি! ক্ষীর সমুদ্রের তীরে। আমাতে হইলে তুমি স্বয়ম্বরপরে ॥

তাতে হেন বুঝি শিব তোমা না পাইয়া।
কালকূট ভক্ষণ করিল মূঢ় হইয়া ॥

এইরূপ পূর্বকথায় সবিস্ময় মন। কৃষ্ণ ঘুচাইয়া তার বক্ষের বসন ॥

নেত্র মিলাইয়া স্তন-কোরক উপরে।
সেই কৃষ্ণ রক্ষা করুন তোমা সবাকারে ॥ ১২

শুদ্ধোক্তি প্রমাণহেতু এই গ্রন্থ সার। শ্রবণ কীর্ত্তন যেই করে বার বার ॥
স্মরণ করয়ে আর করে আস্বাদন। তাহার প্রভাব কবি করয়ে বর্ণন ॥
জয়দেব-কবি-বাক্যচয় ইহলোকে। যাবৎ শৃঙ্গার ভাব না দেই অধিকে ॥
হে মধু! তাবৎ সাধু তোমার চিন্তন। না হয় মধুরে মাত্র মাদকত্ব গুণ ॥

হে শর্করা! তুমি হও অতি সুকঠিন।
মাদকতা নাহি কেবল কঠিনতা চিহ্ন ॥
হে দ্রাক্ষা! তোমারে কেবা দেখে ক্ষিতিতলে।
হে অমৃত! তোমা প্রাপ্তি হয় সে মরিলে ॥
হে ক্ষীর! তোমার রস হয় মাত্র জল।
আবর্ত্তন অপেক্ষা করয়ে নিরন্তর ॥
অয়ে আম্র বিটপি! রোদন কর নিতি।
ত্বক্ অষ্ঠি নিন্দ্য বস্তু সহ তুয়া স্থিতি ॥
অয়ে কান্তাধর! যাহ পাতাল ভুবন।
এখানে তোমার স্থিতি নহে কদাচন ॥

জয়দেব-ভণিত মধুর ভক্তি রস। তাহার আস্বাদে যেই জন হয় বশ ॥
মধু আদি দ্রব্যে সেই সদা ঘৃণা করে। সুমধুর ভক্তিরস জাগয়ে অন্তরে ॥ ১৩

ইতি শ্রীগীতগোবিন্দে স্বাধীনভর্ত্তৃকাবর্ণনে সুপ্রীতপীতাম্বর-নামক দ্বাদশ সর্গ ॥ ১২ ॥

অতএব সমৃদ্ধিমান্ যে সম্ভোগ রস। তাতে আনন্দিত পীতাম্বর প্রিয়াবশ ॥

এই সর্গে প্রিয় প্রেমে আবিষ্ট হইলা।
তার বর্ণ বস্ত্র প্রিয় পরিধান কৈলা ॥ ১২

———

তারপর পিতামাতা করিয়া স্মরণে। 　পরাশরাদির মত যেইজন জানে॥
সে সকল জন ইথি অধিকারী হয়। 　তা সভার প্রতি কবি আশিস করয়॥
ভোজদেবনামেতে কবির পিতা জানি। বামাদেবী নামে হয় তাঁহার জননী॥
তার পুত্র এই জয়দেব কবিবর। 　গীতগোবিন্দাখ্য কাব্য করিল সুন্দর॥
পরাশরাদির মত যেই জন জানে। 　তার কণ্ঠে এ কবিত্ব করুক বিশ্রামে॥
সর্ববেদ পুরাণাদি ইতিহাস যত। 　শ্রীগীতগোবিন্দ কাব্য সভার সম্মত॥
অতএব সর্বসার অত্যন্ত দুর্গম। 　সে লোকের সদা হউ কণ্ঠ-বিভূষণ॥

ইতি শ্রীগীতগোবিন্দাখ্য কাব্য সমাপ্ত* ॥

শ্রীরসময় দাসের অনুবাদের প্রথম শ্লোকাংশ। †

এই শ্লোকে নিত্যলীলা প্রথমে কহিলা। বস্তুর নির্দেশ করি গ্রন্থ বিস্তারিলা॥
‡ কুঞ্জবন মধ্যে প্রবেশিতে সখীগণ। 　কহিছেন রাধায় কিছু প্রণয়-বচন॥
কুঞ্জেতে প্রবেশ কর রাধা ঠাকুরাণি! 　প্রিয়সখীর বচন অনুপ করি মানি॥
কৃষ্ণ লৈঞা কুঞ্জে তুমি করহ প্রবেশ। 　শ্রবণ করহ প্রিয়সখীর আদেশ॥

পূর্বরাত্রে রাস হইতে আইলা মান করি।
তদবধি কৃষ্ণ তোমায় অতিভয় করি॥

কেবল আছেন মাত্র তোমার গোচরে। ভীরু আছেন,তাহে বচন না স্ফুরে॥
যদি বল—কুঞ্জে প্রবেশিব কোন্ মতে। তাহার উপায় সব দেখহ সাক্ষাতে॥
মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে। 　মেঘাবৃত চন্দ্রমা হইল এই কালে॥
বনভূমি তমালের বর্ণ সেই স্থানে। 　শ্যামবর্ণ হইয়াছে কেহ নাহি জানে॥
যদি বল মনুষ্যের গমনাগমন। 　কেমনে চলিব—তার শুন বিবরণ॥
অন্ধকার অভিসার বেশভূষা করি। 　চলহ নিকুঞ্জে সব ভয় পরিহরি॥

---

* লিপিকাল—সন ১২৩১ সাল ২২ শ্রাবণ,লিখিতং শ্রীরাধাশ্যাম দাস বৈদ্যকুলোদ্ভব।
† বরাহনগর গৌরাঙ্গ গ্রন্থমন্দির পুঁথি-সংখ্যা—(অনু ৮ ক, খ, গ) হইতে গৃহীত।
‡ শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয়ের সংস্করণে এস্থান হইতে আরম্ভ।

আনন্দ নির্দেশ পায়্যা চলে দুই জন। প্রতি কুঞ্জে কুঞ্জে লীলা করে অনুক্ষণ॥
অধ্ব-কুঞ্জ লক্ষ্য করি নানা লীলা করি। চলিলেন বৃন্দাবনে স্বচ্ছন্দে বিহরি॥
প্রিয়-মিলনের ইচ্ছা জানি সেইকালে। মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে॥
মেঘাবৃত চন্দ্র পুনঃ রহে সেইখানে। টীকাকার এইমত করিলা বাখানে॥
* শ্রীব্রহ্মবৈবর্ত্ত এক আছয়ে পুরাণ। তাহাতেই এইমত করয়ে ব্যাখ্যান॥

শ্রীপ্রবোধানন্দ গোসাঞি প্রভুর প্রিয়তম।

দুইপক্ষে ব্যাখ্যা তার অত্যন্ত সুগম॥
তিহোঁ কহিলেন সম্ভোগের পর লিখি।
তাহা কিছু লিখিব এই তাঁর আজ্ঞা দেখি॥

নন্দের আদেশেতে চলিলা দুইজন। এইমত হয় অন্যটীকার লিখন॥
গোবর্দ্ধন পর্য্যন্ত কালিয়হ্রদ হইতে। গোপের গোস্থান সব আছে চারিভিতে
দক্ষিণ গোষ্ঠেতে চন্দ্রাবলি আদি করি। আছেন শ্রীকৃষ্ণপ্রিয়াবর্গ সারি সারি॥
উত্তর গোষ্ঠেতে নন্দরাজার মন্দির। ভ্রাতৃবর্গ সঙ্গে বাস করেন সুধীর॥

একদিন গোদোহনে চলিলা আপনে।
কৃষ্ণ পাছে চলিয়াছে তাহা নাহি জানে॥

হেনই সময়ে মেঘ গগন-মণ্ডলে। ব্যাপ্ত হইল—চন্দ্র লুকাইল সেইকালে॥

সচকিত নন্দ চারিদিক নেহারিতে।
পাছে কৃষ্ণ আসিয়াছেন দেখে আচম্বিতে॥

সেইখানে রাধাসহ সখীর মণ্ডলী। সখীসঙ্গে নানা খেলা নানাফুল তুলি"]॥

নন্দের আদেশ হৈল কৃষ্ণ লৈয়া যাইতে।
চলিলেন অধ্বকুঞ্জক্রমে অলক্ষিতে॥

সংক্ষেপ করিয়া ইহা করিল লিখন। পূর্ব অর্থ কহিয়াছি মূল প্রয়োজন॥

---

* 'শ্রীব্রহ্মবৈবর্ত্ত' হইতে ২২ পংক্তি বিদ্যাভূষণ-সংস্করণে নাই।

পরিশিষ্টম্ *

শ্রীকামবীজ-ব্যাখ্যানম্।

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ—

পদ্মজং তনুখোপেতং শক্রসোপরিসংস্থিতম্।

সেন্দুবিন্দুশিখোপেতং প্রথমং সর্ব্বকামদম্॥ ক্লীঁ॥

অথ বীজস্যার্থো গোতমীয়তন্ত্রে—

লকারাৎ পৃথিবী-বীজং ককারাজ্জল-সম্ভবঃ।

ঈকারাদ্বহ্নিরুৎপন্নো নাদাদ্বায়ুরজায়ত।

বিন্দুরাকাশ-সম্ভূতিরিতি ভূতাত্মকো মনুঃ॥ ইতি পঞ্চভূতো মূর্ত্তিমান্ পুরুষঃ।

কাদাপো লাৎ পৃথিবী ঈতো বহ্নির্নাদাদ্বায়ুর্বিন্দুরাকাশভূত ইতি। জলরূপপুরুষঃ কামঃ ককারঃ †। বায়ুস্পর্শজীবো নাদঃ। আকাশ-শব্দঃ অহঙ্কারো বিন্দুঃ—গোপালতাপনী বেদে। 'রত্নপ্রিয়া রতিকলা সুভগা ভদ্রসৌভগা' ‡—ককারঃ। সুমুখী কলহংসী—লকারঃ। মন্মথমোদা চ' §—ঈকারঃ। কলাপিনী—নাদবিন্দুঃ।

ককারঃ কথ্যতে কামো লকারো মূর্ত্তিরুচ্যতে।

ঈকারঃ শক্তিরূপা চ নাদো লিঙ্গনমুচ্যতে॥¶

বিন্দুশ্চ স্বনমুচ্যতে—ইতি মুনয়ঃ। ঈকারান্নায়িকামুখ্যা লকারাল্ললিতা তথা॥**

---

* বরাহনগরীয় শ্রীগৌরাঙ্গগ্রন্থমন্দিরস্থা করলিপিদ্বয়ী (বি ৭ ক, খ,) বর্ত্ততে। তাভ্যাং সংবাদিতমিদমিতি দ্রষ্টব্যম্। 'গ' ইতি সঙ্কেতে চ বৈষ্ণবাচারদর্পণাভিধঃ সঙ্কেতিতঃ।

† ক-পুস্তকে অতিরিক্তঃ পাঠঃ—'পৃথিবীগন্ধপ্রকৃতিমূর্ত্তিল'কারঃ। তেজোরূপ মহৎ আধার—ঈকারঃ। ‡ 'রতিকলা ভদ্রা সৌরভা' (ক); § মদোন্মদা চন্দ্রা (ক)। ¶ 'নাদো বিন্দুরুদীরিতা' (ক)। ** পরা (ক)।

ককারান্নায়কো মুখ্যো* নাদালিঙ্গনমুক্তবৎ।

বিন্দুশ্চুম্বনমাকৃতঃ—ইতি আগমমন্ত্র ॥

অত্র স্বমতং—ককারান্নায়কশ্রেষ্ঠঃ ঈকারান্নায়িকা বরা।

লকারো হ্লাদরূপা চ নাদালিঙ্গনমুচ্যতে ॥

বিন্দুস্তু চুম্বনস্তথা। কৈশ্চিত্তু এবং ব্যাখ্যায়তে—গলশিরআস্যঞ্চ—ককারঃ। চক্ষুঃকর্ণবাহু লকারঃ। বক্ষঃপৃষ্ঠকটিজঙ্ঘা – নাদঃ। জানুপাদৌ চ বিন্দুঃ।

ইতি শ্রীপ্রবোধানন্দ-সরস্বতীকৃত-কামবীজব্যাখ্যানম্ ॥

মন্ত্রার্থঃ

ককারঃ পুরুষঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ।

ঈকারঃ প্রকৃতী রাধা নিত্যবৃন্দাবনেশ্বরী ॥ ১

লশ্চানন্দাত্মকং প্রেমসুখঞ্চ পরিকীর্ত্তিতম্।

চুম্বনাশ্লেষ-মাধুর্য্যং বিন্দুনাদ-সমীরিতম্ ॥ ২

গোপীতি গোপনাদ্রাধা জনস্তস্য সখীজনঃ।

অনয়োর্বল্লভঃ কৃষ্ণো নায়কঃ কামশেখরঃ ॥

স্বাহা-শব্দেনাত্মসমর্পণম্।

শ্রীকামগায়ত্রী-ব্যাখ্যানম্

কামেন অভিলাষেণ স্ববিষয়প্রীতিদার্ঢ্যেণ **দীব্যতি** ক্রীড়তি, 'দিবু ক্রীড়ায়াং'† তস্মৈ কামদেবায় **বিদ্মহে** 'বিদ্‌ৢলাভে বিদ জ্ঞানে বা'। **ধীমহি** ধ্যায়েম। কামদেবায় কথম্ভূতায়? **পুষ্পবাণায়** পুষ্পং 'কমলং তদেব বাণঃ যস্য তস্মৈ'‡ **তন্নোঽনঙ্গঃ** § কন্দর্পঃ নোঽস্মান্

---

* ইতঃপরং ক-পুস্তকে—'বিন্দুশ্চুম্বনমুচ্যতে। আশ্লেষোঽর্দ্ধচন্দ্রশ্চ বীজার্থং পরমাদ্ভুতম্।' ইতি শ্রীপ্রবোধানন্দ সরস্বতী বিরচিতং কামগায়ত্রীব্যাখ্যাপটলং সমাপ্তম্ ॥

† অত্র খ-পুস্তকেঽধিকঃ পাঠঃ—নিত্যবিষয়ত্বাৎ; ‡ পুষ্পমেকরমণং স এব বাণো যস্য তস্মৈ (খ); § অত্র খ-পুস্তকেঽধিকঃ—'সোঽনঙ্গঃ।

প্রচোদয়াৎ প্রকর্ষেণ প্রকৃষ্টরূপেণ উদয়াৎ উদয়ং করোত্বিত্যর্থঃ। চ-কারঃ সমুচ্চয়ে। অত্র **ক্লীম্** ইতি-পদেন মূর্ত্তিমান্ পুরুষঃ, **কাম**-পদেন গণ্ডদ্বয়ং, **দেব**-পদেনাত্র আস্যভাল উচ্যেতে। অভিলাষেণ স্ববিষয়-প্রীতিদার্ঢ্যেণ চন্দ্রমণ্ডলেন দীব্যতি ক্রীড়তি। **য**-কারেণার্দ্ধচন্দ্রঃ ভালে তিলকচন্দ্রঃ—সার্দ্ধচন্দ্রচতুষ্টয়মিতি। অঙ্ঘ্রি-শিরোবধিক্রমাৎ* ক্রমরূপেণ বিংশত্যক্ষরেণ(?) বিংশতিশ্চন্দ্রা উচ্যন্তে। **কামো** গণ্ডদ্বয়ে স্নেহে বিলাসে ছবিতৃষ্ণয়োরিতি ভাস্বদিঃ। **ক**-কারশ্চন্দ্রিমা চন্দ্রে বিলাসানবসানয়োরিতি † কামপালঃ। **ম**-কারো **মধুরে** হাস্য-বিকাশে ‡ ছবিতৃষ্ণয়োরিতি ঋষভঃ। **দে** ইতি 'দা দানে' ঔণাদিকত্বাদেকারঃ 'দা-মা-স্মা-ভ্রোঃ স্নায়াম্' ইতি 'এ' প্রত্যয়ঃ। দেশ্চন্দ্রবিলাসেঽভ্রেঽপ্যর্হণে মণ্ডলেঽপি চ' ইতি দেবদ্যুতিঃ। দেশ্চন্দ্র-মণ্ডলেঽপ্যাস্যে হবির্দানবিলাসয়োরিতি ব্যাঘ্রভূতিঃ। **ব** ইতি 'বনষণ সংভক্তৌ' **বন**ধাতোরৌণাদিকত্বাৎ পঞ্চম্যন্তাদ্ ভাবে ড-প্রত্যয়ঃ। '**ব**-কারো লাস্যলাবণ্যে ইন্দ্রায়ুধে শশধরে' ইতি ভাস্বদিঃ। বিকারান্ত-**য**-কারেণ অর্দ্ধচন্দ্রঃ প্রকীর্ত্তিতঃ, লক্ষণানুরোধাৎ 'যং চন্দ্রার্দ্ধং বৈভবঞ্চ **বিলাসো** দারুণং ভয়ম্' ইতি ব্যাড়িঃ। বি-শব্দাদি-পঞ্চাক্ষরেণ দক্ষিণাবর্ত্তক্রমেণ পঞ্চ চন্দ্রা উচ্যন্তে—তদ্‌যথা **বিদ্মহে পুষ্প** ইত্যাদি। বাণাদি-পঞ্চাক্ষরেণ বামাবর্ত্তাদিক্রমেণ পঞ্চ চন্দ্রা উচ্যন্তে, তদ্‌যথা **বাণায় ধীমহি** ইত্যাদি। তত্র কৌস্তুভস্য মণেরধস্তাদ্ বামদক্ষিণরূপেণ দশা-ক্ষরেণ দশ চন্দ্রা উচ্যন্তে। তত্র দক্ষিণাদিক্রমেণ হি-শব্দাদি-পঞ্চাক্ষরেণ পঞ্চ চন্দ্রা উচ্যন্তে, তদ্‌যথা--**হি তন্নোঽনঙ্গ** ইতি। প্রশব্দাদি-পঞ্চা-ক্ষরেণ পঞ্চ চন্দ্রা উচ্যন্তে, তদ্‌যথা—**প্রচোদয়াৎ** ইতি। 'বি-শব্দো বিবিধে প্রাজ্ঞে অঙ্গনে § চ শশধরে' ইতি বিশ্বঃ। 'ডুধাঞ্‌ ডুভৃঞ ধারণ-পোষণয়োঃ' ইতি ধা-ধাতোরৌণাদিকো ম-প্রত্যয়ান্তো নিপাতঃ, ধাধাতোর্ম

---

* ইত্যপি শিরোঽধিপঃ (ক); † বিলাসানুকম্রসালয়োরিতি (ক); ‡ হাস্যে বিকাশে (গ)। § হিঙ্গুলে (খ)।

ইতি নিপাতশ্চ ইতি দ্মঃ। 'দ্ম-কারো বিবিধে নৃত্যে তেজরাশৌ শশধরে' ইতি ভাস্বদিঃ। 'হেশব্দো হেতুকে বিজ্ঞে ইন্দৌ পূর্ণরসালয়ে' ইতি কামতন্ত্রে। 'পু-শব্দো রসনা-জ্যোৎস্না-নৃত্য-চন্দ্রাঙ্কুশাম্বুজে' ইতি দেবদ্যুতিঃ। 'ষ্প-কারো বিকলে প্রাজ্ঞে বিধুমুক্তোদয়েষু * চ' ইতি রত্নহাসঃ। 'বা-শব্দো বিষমাধারে চন্দ্রজ্যোৎস্নাববৃদ্ধয়োঃ'† ইতি বামন-পুরাণে। 'ণ-কারো বিষমাবিষ্টে ‡ নৃত্যচন্দ্র-রসায়নে' ইতি স্বভূতিঃ §। 'য-কারশ্চন্দ্রবিম্বে চ বিশালাক্ষে রসাকরে' ইতি ব্যাঘ্রভূতিঃ। ধী-শব্দো বুদ্ধৌ প্রাজ্ঞে চ বিধৌ চন্দ্রাভিবাদয়োঃ' ইতি চন্দ্রগোমী ¶। ম-কারো মারুতে ব্রধ্নে ** প্রভাকর-নিশাকরে' ইতি স্বভূতিঃ। 'হি-শব্দো হি রসা-বেশে হিঙ্গুলে চন্দ্রমণ্ডলে' ইতি রভসঃ। 'তৎ সাদৃশ্যে বিভাবে চ তকারশ্চন্দ্রমণ্ডলে' ইতি ব্যাঘ্রভূতিঃ। 'নো-শব্দো নৌ স্ত্রিয়াং না বা ন-কারশ্চন্দ্রমণ্ডলে' ইতি দেবদ্যুতিঃ। 'অনঙ্গো মদনে বিশ্বেঽনঙ্গশ্চন্দ্র-বিভাবনে' ইতি চন্দ্রগোমী ††। 'প্র-শব্দো বিবিধে নৃত্যে প্রকৃষ্টে চন্দ্র মণ্ডলে' ইতি ব্যাঘ্রভূতিঃ। চ-কারশ্চালনে চন্দ্রে জ্যোতিশ্চন্দ্রে বিভাবনে' ইতি স্বভূতিঃ ‡‡। 'দ-কারো বিবিধে নৃত্যে চন্দ্রে বিম্বাধরেঽপি চ' ইতি ভাস্বদিঃ। 'আসনে চ বিধায়াস্তু য-কারশ্চন্দ্র উচ্যতে' §§ ইতি চন্দ্রগোমী। স্তব-ণ্ণ স্তোত্র-বিকাশেষু তকারশ্চন্দ্র উচ্যতে' ইতি দেবদ্যুতিঃ।

ইতি শ্রীপ্রবোধানন্দ-গোস্বামিনা বিরচিতঃ কামগায়ত্র্যর্থঃ ***।

---

* মুক্তাদামস্থ (গ); মুক্তাদ্দমষু (ক); † বুদ্ধৌ প্রাজ্ঞে চ চন্দ্রাভিবাদয়োরিতি গৌতমিঃ (গ); ‡ বিষয়াবিষ্টে (গ); § স্বরভিঃ (ক); ¶ গৌতমিঃ (গ); ** বুদ্ধৌ (খ); †† গৌতমিঃ (গ); ‡‡ চশ্চণ্ডেশঃ কচ্ছপশ্চ চন্দ্রচোরয়োঃ 'ইতি মেদিনী (গ), স্বরভিঃ (ক)। §§ য আসন-বিধানে চ যকারশ্চন্দ্রমণ্ডলে' (খ); *** অতঃ [খ]; কামবীজার্থঃ [ক]।

প্রাপ্তিস্থান :—

(১) প্রকাশক—

শ্রীহরিবোল কুটীর

পোড়াঘাট

শ্রীধাম নবদ্বীপ।

(২) সংস্কৃত পুস্তক ভাণ্ডার

৩৮ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্

কলিকাতা—৬